# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Jaistha 03, 1433 Bangla, May 17, 2026, Sunday, No. 134, 56th year


# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has urged countrymen to remain vigilant, saying that a group is spreading confusion in the country in name of politics. [R. Today: 16]

Tarique Rahman has said, Cumilla will be declared as an administrative division & an agricultural universty will be set up there. [R. Tehran: 08]

Prime Minister has inaugurated re-excavation work of historic Khorddo Khal in Shahrasti upazila of Chandpur. [R. Today: 16]

Finance and Planning Minister has informed, previous governments had left country's economy in a fragile condition & current government would need two years to bring economy back on right track. [R. Tehran: 08]

Information and Broadcasting Minister has said, government wants to rebuild the state and society based on national consensus. [R. Today: 17]

LGRD and Cooperatives Minister has said, government will not sign any agreement that diminishes Bangladesh's national interest. [Jago FM: 13]

TIB has strongly condemned attack on Shah Ali Shrine in Mirpur and demanded exemplary punishment for those involved. [Jago FM: 11]

US President Donald Trump has said, Iran must guarantee to suspend its uranium enrichment program for a peace deal with the country. [NHK: 08]

New Ebola outbreaks has been reported in DR Congo, eighty people have so far been killed. [BBC: 22]


| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

# দৈনিক মনিটরিং রিপোর্ট

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**জ্যৈষ্ঠ ০৩, বাংলা ১৪৩৩, মে ১৭, ২০২৬, রবিবার, নং- ১৩৪, ৫৬তম বছর**

# শিরোনাম

রাজনীতির নামে কোনো গোষ্ঠী যেনো বিভ্রান্তি ও অরাজকতা সৃষ্টি করতে না পারে সেজন্য সবাইকে সতর্ক থাকতে হবে--- চাঁদপুরে ফ্যামিলি কার্ড বিতরণ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে বললেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [রে. টুডে: ১৬]

কুমিল্লাকে প্রশাসনিক বিভাগ করার ঘোষণা দিলেন প্রধানমন্ত্রী । [রে. তেহরান: ০৮]

চাঁদপুরের শাহরাস্তি উপজেলায় খোর্দ্দ খাল পুনঃখনন কর্মসূচির উদ্বোধন করলেন তারেক রহমান। [রে. টুডে: ১৬]

বিগত সরকারগুলোর রেখে যাওয়া ভঙ্গুর অর্থনীতি পুনরুদ্ধারে আরো দুই বছর সময় লাগবে ---জানালেন অর্থমন্ত্রী। [রে. তেহরান: ০৮]

তথ্য ও সম্প্রচার মন্ত্রী বলেছেন, সরকার জাতীয় ঐকমত্যের ভিত্তিতে রাষ্ট্র ও সমাজকে নতুন করে গড়ে তুলতে চায়। [রে. টুডে: ১৭]

দেশের জাতীয় স্বার্থ নষ্ট হয়, এমন কোনো চুক্তি সরকার করবে না -- মন্তব্য স্থানীয় সরকার মন্ত্রীর । [জাগো নিউজ: ১১]

রাজধানী মিরপুরের শাহ আলী মাজারে আক্রমণের ঘটনায় তীব্র নিন্দা জানিয়ে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ। [জাগো নিউজ: ১৩]

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরানের সঙ্গে শান্তি চুক্তি সম্পন্ন করতে হলে দেশটিকে ইউরেনিয়াম সমৃদ্ধকরণ কর্মসূচি স্থগিত করার নিশ্চয়তা দিতে হবে। [এনএইচকে: ০৮]

গণতান্ত্রিক প্রজাতন্ত্র কঙ্গো তে ইবোলা ভাইরাসের নতুন প্রাদুর্ভাব দেখা দিয়েছে, এখন পর্যন্ত আশি জ নের মৃত্যু। [বিবিসি: ২২]

# বিবিসি

## টেন্ডার ছাড়া জরুরি তেল আমদানি চেষ্টার কী হলো?

জ্বালানি তেলের সংকট সমাধান ও জরুরি ভিত্তিতে তেলের মজুত বৃদ্ধি করতে বাংলাদেশ সরকার প্রথাগত ব্যবস্থার বাইরে ডিপিএম (ডিরেক্ট পারচেজ মেথড) পদ্ধতিতে ১২টি কোম্পানিকে তেল সরবরাহের অনুমতি দিয়েছিল, যাদের কোনোটি মে মাসের মাঝামাঝি সময় পর্যন্ত তেল দিতে পারেনি। বিপিসির তথ্য অনুযায়ী, কার্যাদেশ পাওয়া কোম্পানিগুলো যুক্তরাষ্ট্র, দুবাই, নেদারল্যান্ড, হংকং, কাজাখস্তান, মালয়েশিয়া ও জাপানের। জরুরিভাবে এসব কোম্পানির ডিজেল, অকটেন ও ক্রুড অয়েল সরবরাহের কথা ছিল। সরাসরি ক্রয় পদ্ধতিতে কার্যাদেশ পাওয়া মাত্র দুটি কোম্পানি পিজি (পারফরম্যান্স গ্যারান্টি) বা জামানত দিয়েছে। একটি কোম্পানি পিজি দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে। ইরান যুদ্ধের কারণে মার্চ মাসে তেল সংকটের সময় দরপত্র ছাড়াই তেল কেনার উদ্যোগ নিয়েছিল সরকার। জ্বালানি মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ বিবিসি বাংলাকে বলেন, যুদ্ধের কারণে সংকট সমাধানে সরকার এই উদ্যোগ নেয়। মানুষ যাতে আতঙ্কিত হয়ে তেল কিনে সংকট সৃষ্টি করতে না পারে, সেজন্য মজুত বৃদ্ধির লক্ষ্যেই সরাসরি ক্রয় পদ্ধতিতে তেল আমদানির অনুমোদন দেওয়া হয়। ”আমার জিটুজি ছিল কাতারের সাথে তারাতো ফোর্স মেজর দিয়ে বসে গেছে। সৌদি আরব বসে গেছে। আমাকে তো আনতে হচ্ছে অন্য জায়গা থেকে তেলগুলো। যখন যেটা প্রয়োজন হবে, ন্যাচারালি আমাদের স্পটে যেতে হবে। আমরা জানি যে, কয়টা আসবে না বা আসবে, সেজন্য আমরা কাজ করে যাচ্ছি। ফেয়ার একটা চান্স সবাইকে দিচ্ছি। তারমধ্যে যে কয়টা আসবে, সে কয়টাতে আমাদের তেলের মজুত বাড়বে।„

মার্চ মাসে তেল সংকটের সময় বিপিসির কাছে অর্ধশতাধিক কোম্পানি তেল সরবরাহের প্রস্তাব দেয়। এর মধ্যে কার্যাদেশ পাওয়া কোম্পানিগুলোর প্রস্তাবে তেলের দরে পার্থক্য রয়েছে। যেমন ডিজেল সরবরাহে দুবাইভিত্তিক পেট্রোগ্যাসের প্রস্তাব ছিল ব্যারেলপ্রতি ১৭৫ ডলার, নেদারল্যান্ডভিত্তিক এপি এনার্জি ইনভেস্টমেন্টস লিমিটেডের প্রস্তাব ২২১ ডলার। আবার এ অ্যান্ড এ এনার্জি নামে মার্কিন একটি কোম্পানি মাত্র ৭৫ ডলারে ডিজেল সরবরাহের প্রস্তাব দিয়ে অনুমোদন পায়। সংকটকালে বিশ্ববাজারে তেলের দর বিবেচনায় এই দর প্রস্তাব ছিল অস্বাভাবিক। ”তারপরে আপনারা বলবেন যে, এত কম দাম ছিল, সেটা গ্রহণ না করে বেশি দামেরটা গ্রহণ করা হচ্ছে। সেজন্য কম দামও গ্রহণ করলাম, কিন্তু পিজি দিতে পারতেছে না। ন্যাচারালি আমাদের সবদিকে রক্ষা করতে হয়।„ এ ব্যাপারে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন বিপিসি জানায়, যে দামে প্রস্তাব পাস হয়েছে সেটা গুরুত্বপূর্ণ নয়, কারণ তেল সরবরাহ দিতে পারলে মূল্য নির্ধারণ হবে বিধিবদ্ধ ফর্মুলায়। বিপিসির চেয়ারম্যান মো. রেজানুর রহমান বলেন, ”এটা হলো সেনসেটিভ প্রাইস। মূল হলো যখন তারা সাপ্লাইটা দেবে, তখন যে ভ্যালুয়েশনটা হবে। অর্থাৎ যেদিন লোডিংটা হবে সেই লোডিং ডেটের দুইদিন আগে এবং দুইদিন পরে এই পাঁচদিনের প্ল্যাটস রেটের (প্ল্যাটস আরব গালফ) এই পাঁচদিনের যে দর, তার গড় যেটা, সেটাই হবে মূল প্রাইস।„

ডিপিএম পদ্ধতিতে আমদানির উদ্যোগ নিয়ে বিপিসির চেয়ারম্যান বলেন, যুদ্ধের মূল সময়টা, বলা যায় মার্চে আমাদের একটু অনিশ্চয়তা তৈরি হয়েছিল। তখন ১৭টা পার্সেল ছিল তার মধ্যে সাতটা পার্সেল ডেফারড হয়। সেই সাতটা পার্সেল আমরা এপ্রিল এবং মেতে কনফার্ম করেছি। ”মার্চে সংকট শুরুর পর যেহেতু আমাদের বেশ কিছু কার্গো ডেফার করা হয়েছিল এবং ফোর্স মেজর ঘোষণা করা হয়েছিল, তার প্রেক্ষাপটে আমরা সোর্স ডাইভারসিফিকেশনে হাত দিয়েছিলাম। তারই পার্ট হিসেবে আমরা কিছু সময়ের জন্য ডিপিএমএর একটা উদ্যোগ নিয়েছি। যেটা অলরেডি ক্লোজ হয়েছে।„ রেজানুর রহমান বলেন, আমাদের কিছু স্টকের ব্যাপার আছে। মূলত ডিপিএম এর একটা বিষয় ছিল আমরা সোর্সগুলোকে আইডেন্টিফাই করতে চেয়েছিলাম। সেটা আমাদের মোটামুটি আইডেন্টিফাই হয়েছে। বিভিন্ন সোর্স আমাদের কাছে এসেছে যে, এখান থেকে ফুয়েল সাপ্লাই তারা দিতে পারে। আর দ্বিতীয় হলো আমরা চেয়েছিলাম যদি আমরা কোনো কারণে সাপ্লাই চেইন বড়ো রকমের ডিসরাপশন হয়, সেটা যেন আমরা ডিপিএম দিয়ে কাভার দিতে পারি। এখন তিন মাসের জন্য নতুন করে টেন্ডার আহ্বান করে আমদানির উদ্যোগ নেয়া হয়েছে বলেও জানান বিপিসি চেয়ারম্যান। ”মিনিস্ট্রি থেকে বলা হয়েছে, আমরা যাতে নব্বই দিনের মজুত নিশ্চিত করি। এগুলো বিবেচনাতে আমরা শর্ট একটা পারচেজে গিয়েছি। জুন, জুলাই, আগস্ট- এ তিনমাসকে টার্গেট করে এই টেন্ডার করেছি। এটা এডিশনাল ওপেন টেন্ডার প্রক্রিয়ায়। আমরা এখন আর ডিপিএম এ যাচ্ছি না।„

**তেল আমদানির পদ্ধতি**

বাংলাদেশে নিয়মিত তেল আমদানি হয় দুটি পদ্ধতিতে। জিটুজি প্রক্রিয়ায় সরাসরি চুক্তির মাধ্যমে অর্ধেক। আর বাকি অর্ধেক আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্রের মাধ্যমে যা ওটিএম নামে পরিচিত। বিশেষ পরিস্থিতি সৃষ্টি হলে দরপত্র ছাড়া ডিপিএম বা ডিরেক্ট পারচেজ মেথড ব্যবহৃত হয়। প্রতি বছর জানুয়ারি থেকে জুন এবং জুলাই থেকে ডিসেম্বর, এই দুই ধাপে সারা বছরের জন্য চাহিদা নিরূপণ করে জ্বালানি তেল আমদানি নিশ্চিত করে বিপিসি। বিপিসির চেয়ারম্যান মো. রেজানুর রহমান বিবিসি বাংলাকে জানান, সরকার নব্বই দিনের মজুত নিশ্চিত করতে নির্দেশনা দিয়েছে, যার

প্রেক্ষিতেই জরুরি ভিত্তিতে ডিপিএম পদ্ধতিতে সরাসরি কার্যাদেশ দেওয়ার প্রস্তাব দেওয়া হয়। ডিপিএম পদ্ধতির ১২টি কোম্পানির মধ্যে তিনটি কোম্পানি যথাযথ প্রক্রিয়ার মধ্যে রয়েছে বলেও জানান বিপিসির চেয়ারম্যান। "ইকোনমিক অ্যাফেয়ার্স কমিটি ও পারচেজ কমিটি অনুমোদনের পর আমরা নোয়া (নোটিফিকেশন অব অ্যাওয়ার্ড) দেই। নোয়া দেওয়ার পর তারা আমাদেরকে পিজি দেয়। পিজি দিলে আমরা এলসি খুলি। এলসি খুললে তারা পণ্যটা সরবরাহ করে।„ ডিপিএম পদ্ধতিতে অনুমোদন পাওয়া কোম্পানিগুলোর বর্তমান অবস্থা তুলে ধরে বিপিসি চেয়ারম্যান জানান, দুটি কোম্পানি পিজি দিয়েছে। একটা কোম্পানি পিজি দেবে বলে এই মর্মে জানিয়েছে। এই তিনটা কোম্পানি এ পর্যন্ত আমাদের কাছে রেসপন্স করে যথাযথ প্রক্রিয়ায় এগোচ্ছে। "আমাদের পক্ষ থেকে কম রেট পাওয়াতে রেসপন্স করেছি। এখন টাইম বাউন্ড হওয়ার কারণে এর মধ্যে চারটা কোম্পানি ডিকলাইন করেছে। একটা মেয়াদ পার হয়েছে। একটা বলেছে, পিজি দেব না। আর দুটো বলেছে আমরা সাপ্লাই দেব না। আর চারটা কোম্পানি সময় আছে।„ বিপিসি চেয়ারম্যান বলছেন, আমরা সময় কম পেয়েছি। আমাদের পর্যায়ে যতটুকু যাচাই বাছাই প্রয়োজন ছিল, আমরা ওইটুকু করেছি। কোম্পানি এবং তার ভলিউম এবং তার সক্ষমতা এটা আমরা দেখেছি। "এটাতো আসলে স্বাভাবিক সময়ের জন্য না। আমরা যদি এটা না করতাম, যদি কোনো কারণে সাপ্লাই চেইন ফেইল করতো, তাহলে আপনারা বা কেউ আমাদেরকে ছাড়তেন না এবং প্রশ্ন করতেন যে, আপনারা কেন ভিন্ন সোর্স খোঁজেন নাই, ভিন্ন সোর্সে আনার উদ্যোগ নেন নাই। এই প্রশ্নের উত্তর দিতে পারতাম না। আমরা যেটুকু সফল হই, ওটাতো একটা সাকসেস। তার চেয়ে বড়ো কথা যে, আমরা অনেকগুলো সোর্স জানতে পারলাম যে, বিভিন্ন সোর্সে তেল সাপ্লাই হচ্ছে বিভিন্ন জায়গাতে।„

এদিকে, দরপত্র ছাড়া সরবরাহের কার্যাদেশ পাওয়া কোম্পানিগুলোর মধ্যে মধ্যম সারির সাপ্লাইয়ার যেমন আছে, তেমনি ট্রেডার ও মধ্যস্থতাকারী কোম্পানিও রয়েছে বলে ধারণা পাওয়া যায়। এসব কোম্পানিকে কার্যাদেশ দেওয়ার ক্ষেত্রে যাচাই-বাছাইয়ে খুবই কম সময় নেওয়া হয়েছে। স্থানীয় গণমাধ্যমে রিপোর্ট হয়েছে এমনও কোম্পানি আছে, যেটি প্রস্তাব করার এক সপ্তাহের মধ্যেই কার্যাদেশ পেয়েছে। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, জরুরি অবস্থায় সরাসরি ক্রয় সরকার করতে পারে। সরকার যদি মনে করে যে, পরিস্থিতি এরকম, এটি বাধ্যতামূলক হয়ে পড়ে যথাযথ প্রক্রিয়ার বাইরে ডাইরেক্ট পারচেজ মেথডে যাওয়া, সেক্ষেত্রে সেটা করতেই পারে। "যে কারণে এক্স বা ওয়াই কোম্পানিগুলোকে বা প্রতিষ্ঠানগুলোকে নির্বাচন করা হয়েছে, দায়িত্বটা দেওয়া হলো সেটি যথাযথ প্রক্রিয়ায় হয়েছে কিনা এবং তাদের সে যথাযথ ক্রেডিবিলিটি আছে কিনা এবং তার কাছ থেকে আমরা যে অঙ্গীকারটা পেলাম, সেটা ডেলিভারি করার মতো সক্ষমতা আছে কিনা, এই জিনিসগুলো নিশ্চিত করাটা হলো অপরিহার্য। এক্ষেত্রে ব্যত্যয় হয়ে থাকলে প্রশ্ন ওঠে যে, এটা বিশেষ কোনো সুবিধার জন্য হয়েছে কিনা।„

ইফতেখারুজ্জামান বলেন, এটা মানতেই হবে একটা বিশাল ক্রাইসিস। আন্তর্জাতিক ক্রাইসিস। যার মধ্যে সরকারের কোনো এখতিয়ার ছিল না। কোনো প্রতিরোধ করার মতো কোনো ব্যবস্থা ছিল না। অনেকটা জরুরি অবস্থার মতোই ছিল। কাজেই একটা বাধ্যবাধকতা ছিল। এরকম দুর্যোগকালীন সময়ে এই এখতিয়ারটুকু সরকারের আছে যে, প্রয়োজনে যথাযথ যুক্তি সাপেক্ষে উন্মুক্ত প্রতিযোগিতা বাইপাস করে করতে পারে, যাতে করে জাতীয় স্বার্থ সুরক্ষিত হয়। এক্ষেত্রে সেটাই ঘটেছে বা ঘটারই প্রত্যাশা ছিল। "একটা হচ্ছে, কিছু সংস্থা সরবরাহ করতে পারেনি, সময় অনুযায়ী এই অভিজ্ঞতা থেকে শিক্ষা গ্রহণ করতে হবে। এই অভিজ্ঞতা থেকে আমরা মনে করি, যেহেতু সরকারের সুনির্দিষ্ট অঙ্গীকার ছিল সকল প্রকার ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করা- কাজেই এই বিষয়গুলোর ক্ষেত্রে অধিকতর গুরুত্ব দেয়াটা আমরা অপরিহার্য বলে আমরা মনে করি।(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৫.২০২৬ নারগীস)

## গঙ্গার পানি বণ্টন চুক্তি নিয়ে কী হচ্ছে?

বাংলাদেশ ও ভারতের মধ্যকার গঙ্গার পানি বণ্টন চুক্তির মেয়াদ নবায়ন হবে, নাকি দুই দেশের মধ্যে নতুন করে চুক্তি হবে, তা নিয়ে আনুষ্ঠানিক কোনো ঘোষণা না এলেও, দুই দেশের কারিগরি দল এ বিষয়ে প্রাথমিক প্রস্তুতির কাজ শুরু করেছে বলে জানা যাচ্ছে। আর এই প্রস্তুতির মধ্যেই অনানুষ্ঠানিকভাবে ভারতের দিক থেকে নতুন চুক্তির ক্ষেত্রে নতুন ফরমুলার কথা বলা হচ্ছে, যেটিকে বাংলাদেশের পানি সম্পদ বিশেষজ্ঞরা 'অযৌক্তিক' বলে মনে করছেন। তারা এও বলছেন যে, ভারতের দিক থেকে নতুন করে যে-সব বক্তব্য আসছে, তাতে চুক্তি নবায়নের বিষয়টি সংকটের মুখে পড়তে পারে। গঙ্গার পানি বণ্টন চুক্তির নবায়ন কিংবা নতুন চুক্তির প্রাথমিক প্রস্তুতি শুরু হয়েছে কি-না, এমন প্রশ্নের জবাবে পানি সম্পদ মন্ত্রণালয়ের মন্ত্রী শহীদ উদ্দিন চৌধুরী এ্যানী জানিয়েছেন যে, সরকার এ বিষয়ে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করেছে। "আমরা আশা করছি, দুই দেশের বিশেষজ্ঞ কমিটি আলোচনার মাধ্যমে সমাধানে আসবে। এরপর মন্ত্রী পর্যায়ে জেআরসির বৈঠকে একটি চূড়ান্ত সিদ্ধান্ত হবে বলে আশা করছি " বিবিসি বাংলাকে বলেছেন তিনি। সরকারের সংশ্লিষ্ট দপ্তরগুলো থেকেও আভাস পাওয়া গেছে যে, দুই দেশের কারিগরি দল এ বিষয়ে প্রাথমিক কার্যক্রম শুরু করেছে। এরপর যৌথ নদী কমিশনে খুঁটিনাটি বিভিন্ন বিষয় চূড়ান্ত হওয়ার পর, দুই দেশের তরফে আনুষ্ঠানিক বক্তব্য আসতে পারে। প্রসঙ্গত, গঙ্গার পানি বণ্টন চুক্তির মেয়াদ চলতি বছর ডিসেম্বরেই শেষ হচ্ছে। ফারাক্কা বাঁধ চালু হওয়ার দু'দশকেরও বেশি সময় পর ১৯৯৬ সালে ভারত ও বাংলাদেশ ত্রিশ বছর মেয়াদি ওই চুক্তি সম্পাদন করেছিল।

**নতুন ফর্মুলার কথা আসছে কেন**

পানি বণ্টন চুক্তিতে বলা হয়েছে, বাংলাদেশ ও ভারত কী পরিমাণ পানি পাবে, সেটা নির্ভর করবে উজানে বৃষ্টিপাতের পরিমাণ, পানির প্রবাহ ও গতিবেগের ওপর। চুক্তিতে বলা হয়েছে, নদীতে ৭০ হাজার কিউসেক বা তার কম পানি থাকলে দুই দেশ সমান সমান পানি ভাগ করে নেবে। পানির পরিমাণ ৭০ হাজার কিউসেক থেকে ৭৫ হাজার কিউসেক হলে ৪০ হাজার কিউসেক পাবে বাংলাদেশ। অবশিষ্ট প্রবাহিত হবে ভারতে। আবার নদীর পানির প্রবাহ যদি ৭৫ হাজার কিউসেক বা তার বেশি হয়, তাহলে ৪০ হাজার কিউসেক পানি পাবে ভারত। অবশিষ্ট পানি প্রবাহিত হবে বাংলাদেশে। এখন গঙ্গার পানি বণ্টন চুক্তির মেয়াদ শেষ হয়ে আসার প্রেক্ষাপটে কয়েক বছর ধরেই চুক্তির নবায়ন কিংবা নতুন চুক্তির ক্ষেত্রে নতুন প্রস্তাবের বিষয়টি আলোচনায় আসছে। বিশেষ করে, বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের সময়ে ২০২৫ সালের মার্চে গঙ্গা চুক্তি বিষয়ক যৌথ কমিটির বৈঠকের সময় এ প্রশ্নও উঠে আসে যে, এখন কোন শর্তে চুক্তিটির নবায়ন হবে। জানা যাচ্ছে, চুক্তির নবায়ন ইস্যুতে ভেতরে ভেতরে যে প্রাথমিক প্রস্তুতি চলছে, তাতে ভারতীয় পক্ষ চাইছে ফারাক্কা পয়েন্টে পানি প্রবাহের ভিত্তিতে চুক্তির ফ্রেমওয়ার্ক দাঁড় করাতে। অন্যদিকে ফারাক্কা পয়েন্টে পানির গড় প্রবাহ কম থাকায় বাংলাদেশ চাইছে পুরো নদীর পানি প্রবাহকে বিবেচনায় নিয়ে পানি ভাগাভাগি করতে।

সম্প্রতি, বাংলাদেশের সাংবাদিকদের একটি প্রতিনিধি দলের ভারত সফরকালে গত ৪ মে ভারতের পররাষ্ট্র সচিব বিক্রম মিশ্রি বলেছেন, বাংলাদেশের সাথে দ্বিপাক্ষিক ইস্যুগুলোর মধ্যে পানি সবসময় গুরুত্ব পেয়েছে। ওই প্রতিনিধি দলে থাকা ঢাকার নিউ এজ পত্রিকার সাংবাদিক মুস্তাফিজুর রহমান বিবিসি বাংলাকে বলছেন যে, তাদের সাথে বৈঠকের সময় বিক্রম মিশ্রি বলেছেন, তারা বাংলাদেশে তারেক রহমানের নেতৃত্বাধীন নতুন সরকারের সাথে পানিসহ সব ইস্যুতেই আলোচনা করতে প্রস্তুত আছেন। ''বিক্রম মিশ্রি বলেছেন যে গঙ্গার পানি চুক্তি নবায়নের ক্ষেত্রে জেআরসি (যৌথ নদী কমিশন) সময়মতই অংশ নেবে,„ বলছিলেন মি. রহমান। সাংবাদিকদের ওই দলটির সঙ্গেই ৫ মে আলাদা একটি অনুষ্ঠানে বাংলাদেশে ভারতের সাবেক হাইকমিশনার পঙ্কজ শরণ বলেছেন, আগের চুক্তিতে যে ফর্মুলায় পানি ভাগাভাগির কথা বলা হয়েছিল, সেটি এখন আর কাজ নাও করতে পারে। প্রসঙ্গত, ওই চুক্তিতে ১৯৪৯ সাল থেকে ১৯৮৮ সাল পর্যন্ত পানি প্রবাহকে ভিত্তি হিসেবে ধরা হয়েছিল। মুস্তাফিজুর রহমান জানান, পঙ্কজ শরণ বলেছেন যে, ১৯৯৬ সালের চুক্তির ত্রিশ বছর পর এসে একই ফরমুলা কাজ করবে না। তিনি এ ক্ষেত্রে সাম্প্রতিক ৪০ বছরের পানি প্রবাহকে ভিত্তি হিসেবে বিবেচনার পরামর্শ দিয়েছেন। যদিও যৌথ নদী কমিশনের সাবেক সদস্য ও নদী বিশেষজ্ঞ আইনুন নিশাত বলছেন, এ ধরনের চিন্তা মোটেও যৌক্তিক নয়। ''গঙ্গা নদী তো ফারাক্কা থেকে শুরু হয়নি। আবার উজান থেকে ভারত একতরফা পানি প্রত্যাহার করার কারণে সেখানে পানির প্রবাহ অনেক কম থাকে। ফলে তার ওপর গড় করে পানি ভাগাভাগি ন্যায্য হবে না। এছাড়া, দুই দেশ আগেই সম্মত হয়েছিল যে, গঙ্গার পানি নদীর পরিমাণভিত্তিক ভাগ হবে,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। আইনুন নিশাত বলেন, বাংলাদেশ ও ভারত এখন সুসম্পর্কের কথা বলছে এবং এই সুসম্পর্কের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়ই হলো পানি। আশা করবো আলোচনা ও যৌক্তিক আচরণের ভিত্তিতে গঙ্গার পানি বণ্টনের বিষয়টি ঠিক হবে।

**ফারাক্কা বাঁধ ও গঙ্গার পানি বণ্টন চুক্তি**

বাংলাদেশের সীমান্ত থেকে প্রায় আঠার কিলোমিটার দূরে ভারতের মনোহরপুরে ফারাক্কা বাঁধ নির্মাণ করেছিল ভারত। ১৯৭৫ সালের এপ্রিলে এর উদ্‌বোধনের আগে থেকে এখন পর্যন্ত দুই দেশের সম্পর্ক ও রাজনীতিতে গুরুত্বপূর্ণ বিষয় হয়ে ওঠে ফারাক্কা বাঁধ ইস্যু। ভারতের দিক থেকে এই প্রকল্পটির মূল লক্ষ্য ছিল, গঙ্গার প্রবাহ থেকে অতিরিক্ত পানি ভাগীরথীতে সরিয়ে নেওয়া ও তার মাধ্যমে কলকাতা বন্দরকে বাঁচানো। এ জন্য প্রায় ৪০ কিলোমিটার লম্বা একটি 'লিঙ্ক ক্যানাল' বা কৃত্রিম খাল খনন করা হয়েছিল। তবে, এই ফারাক্কা নিয়ে বাংলাদেশের প্রধান অভিযোগ হলো এই ফারাক্কার ফলেই প্রমত্তা পদ্মা নদী শুকিয়ে গেছে, যার প্রভাবে দেশের বিস্তীর্ণ এলাকার জীবন যাত্রা ক্ষতিগ্রস্ত হচ্ছে। বাংলাদেশের রাজনীতিক মওলানা আবদুল হামিদ খান ভাসানী ১৯৭৬ সালে ফারাক্কা অভিমুখে লং মার্চ কর্মসূচি পালন করে আলোচনায় এসেছিলেন। ফারাক্কা বাঁধের অবস্থান বাংলাদেশের চাঁপাইনবাবগঞ্জ জেলার ১৮ কিলোমিটার উজানে পশ্চিমবঙ্গের মালদা ও মুর্শিদাবাদ জেলায়। বাঁধটি চালু হওয়ার দু'দশকেরও বেশি সময় পর ১৯৯৬ সালে এসে ভারত ও বাংলাদেশ যে ঐতিহাসিক পানি বণ্টন চুক্তিতে স্বাক্ষর করেছিল, তার মেয়াদ এখন প্রায় শেষের পথে। ওই চুক্তির অধীনে শুষ্ক মৌসুমে পানির স্তর অনুযায়ী বাংলাদেশ প্রতি দশ দিনে ৩৫ হাজার কিউসেক ও ভারত ৪০ হাজার কিউসেক পানি পাওয়ার কথা। যার ফলে কয়েক বছর আগে থেকেই চুক্তির নবায়ন নিয়ে আলোচনাও শুরু হয়েছে। বিশেষ করে আওয়ামী লীগ সরকারের শেষ দিক থেকে এখন পর্যন্ত দু দেশের মধ্যকার সব দ্বিপাক্ষিক বৈঠকে এটি উঠে এসেছে। ২০২৫ সালের মার্চে চুক্তিটি পুনর্নবায়ন ও এ সংক্রান্ত বিষয়গুলো নিয়ে বাংলাদেশ ও ভারতের বিশেষজ্ঞরা বৈঠকে বসেছিলেন। তখন ফারাক্কায় গঙ্গার পানিপ্রবাহের বর্তমান অবস্থার বিষয়ে গত দুই দিন ধরে সরেজমিনে জরিপ করেছিলেন দুই দেশের কারিগরি বিশেষজ্ঞরা। এরপর যৌথ নদী কমিশনের অধীনে পশ্চিমবঙ্গের কলকাতায় ভারত-

বাংলাদেশ যৌথ কমিটির ৮৬তম বৈঠকে উভয় পক্ষ ফারাক্কা বাঁধ এলাকায় পরিচালিত জরিপের তথ্য নিয়ে আলোচনাও করেছে।

তবে, বাংলাদেশে অন্তর্বর্তী সরকারের সময়ে দুই দেশের কূটনৈতিক সম্পর্কের অবনতি হলে চুক্তি নবায়ন নিয়ে তেমন কোনো অগ্রগতি হয়নি। চলতি বছর ফেব্রুয়ারিতে বাংলাদেশে বিএনপি সরকার ক্ষমতায় আসার পর গঙ্গার পানি বণ্টন চুক্তির নবায়নের ইস্যুটি আবারও সামনে এসেছে। ফেব্রুয়ারিতেই ভারতের লোকসভায় এক প্রশ্নের জবাবে ভারতের পররাষ্ট্র প্রতিমন্ত্রী কীর্তি বর্ধন জানিয়েছিলেন যে, গঙ্গার পানিবণ্টন চুক্তি নবায়নের বিষয়ে বাংলাদেশ সরকারের সঙ্গে এখনো ভারত সরকারের আলোচনা শুরু হয়নি। তবে এ বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের একটি প্রতিনিধিদল বিভিন্ন সময়ে আন্তঃমন্ত্রণালয় বৈঠকে অংশ নিয়েছে। এদিকে বিএনপি সরকারের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান এপ্রিলের শুরুতে সরকারি সফরে দিল্লিতে যাওয়ার আগে ঢাকায় কর্মকর্তারা জানিয়েছিলেন যে, সফরের আলোচনায় গঙ্গার পানি বণ্টন চুক্তির বিষয়টিও রয়েছে। সফরকালে মি. রহমান ভারতের এনডিটিভিকে দেওয়া এক সাক্ষাৎকারে বলেছিলেন, ”ন্যায্যতা ও জলবায়ু সহনশীলতার ভিত্তিতে গঙ্গার পানিবণ্টন চুক্তিটি হবে দুই দেশের সম্পর্ক পুনর্গঠনের জন্য প্রথম পরীক্ষা।„ তিনি বলেছিলেন, ”এখন যে চুক্তিটা আছে, তা কয়েক মাসের মধ্যে শেষ হয়ে যাবে। আমরা একটি সংশোধিত চুক্তি দেখতে চাই, যা মানুষের জরুরি প্রয়োজন মেটাতে পারবে।„ তবে তার সফরে এ বিষয়ে দুই পক্ষ কোনো সিদ্ধান্ত নিতে পেরেছে কি-না কিংবা চুক্তির ক্ষেত্রে কী হতে যাচ্ছে, সে সম্পর্কে কোনো ঘোষণা সরকারের দিক থেকে আসেনি।

(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৫.২০২৬ নারগীস)

## 'আমার বাচ্চাটা ফিরবো কি না জানি না'- হামে আক্রান্ত দুই সন্তান নিয়ে ভয় বাবার

দেড় বছরের শিশু নুরুন্নবীর তীব্র জ্বর আর শ্বাসকষ্ট। হাসপাতালের বেডে নেবুলাইজার দিয়ে তাকে চিকিৎসা দেওয়া হচ্ছে। পাশেই মায়ের কোলে তার বড়ো ভাই তিন বছরের শিশু মাহমুদুন্নবী। ঢাকার মহাখালীতে ডিএনসিসি ডেডিকেটেড কোভিড-১৯ হাসপাতালে হামে আক্রান্ত এই দুই শিশু সন্তানকে নিয়ে নির্ঘুম সময় কাটছে নরসিংদীর শাহিন মিয়া ও তার স্ত্রীর। প্রায় ১৫ দিন আগে জ্বরে আক্রান্ত হলে দুই সন্তানকে প্রথমে গ্রামের চিকিৎসক দেখিয়েছিলেন মি. শাহিন। ঔষধ খাওয়ানোর পর জ্বর কমেও গিয়েছিল তাদের। কিন্তু তিনদিন না যেতেই আবারও তীব্র জ্বরে আক্রান্ত হয় দু-জনই। এরপর থেকেই হাসপাতালে ছুটছেন শাহিন মিয়া ও তার স্ত্রী। মি. শাহিন জানান, নরসিংদী সদর হাসপাতাল থেকে সন্তানদের হামে আক্রান্তের বিষয়ে নিশ্চিত হন। সেখানে দুইদিন ভর্তি থাকার পর চিকিৎসকের পরামর্শে ঢাকায় আসেন। ”ডাক্তার বললো, আপনার বাচ্চার অবস্থা সিরিয়াস, ঢাকার শিশু হাসপাতালে নিয়ে যান। পরে অ্যাম্বুলেন্সে করে ঢাকায় আসছি,„ বিবিসি বাংলাকে জানান তিনি। অসুস্থ সন্তানদের নিয়ে ঢাকায় চিকিৎসা নিতে এসেও বিপাকে পড়েন মি. শাহিন। বাড়তি রোগীর চাপ থাকায় রাতভর তিনটি হাসপাতালে ঘুরতে হয়েছিল তাকে। অবশেষে ঠাঁই মেলে মহাখালীর ডেডিকেটেড কোভিড-১৯ হাসপাতালে, যেটি এখন হাম আক্রান্ত রোগীদের জন্য নির্ধারিত। ”শিশু হাসপাতালে নিয়ে গেলাম, অনেক রোগীর চাপ। বাচ্চার শ্বাসকষ্ট হচ্ছে দেখে তাড়াতাড়ি অন্য হাসপাতালে নিলাম, সেখানেও একই অবস্থা। সারারাত ঘুরে এই হাসপাতালে ভর্তি করতে পারছি। আমার বাচ্চাটা ফিরবো কি না জানি না,„ বলেন মি. শাহিন। তার দেড় বছরের সন্তান নুরুন্নবীর অবস্থা এখন গুরুতর জানিয়ে এই উদ্‌বেগের কথা বলছিলেন তিনি।

শনিবার দুপুরে একই হাসপাতালের ইনটেনসিভ কেয়ার ইউনিট বা আইসিইউ-এর সামনে দাঁড়িয়ে থাকা আরেক অভিভাবক মোহাম্মদ আনোয়ারের সঙ্গে কথা হয় বিবিসি বাংলার। করিডোরের এক পাশে দাঁড়িয়ে অঝোরে কাঁদছিলেন ঢাকার নতুনবাজার এলাকার এই বাসিন্দা। হামের উপসর্গ নিয়ে ১২ দিন আগে আইসিইউতে ভর্তি করেছেন আট বছরের মেয়ে ইয়ানুর আক্তারকে। মি. আনোয়ার জানান, বৃহস্পতিবার রাতে তার মেয়েকে আইসিইউ থেকে সাধারণ বেডে নিতে বলেছিলেন চিকিৎসকরা। কিন্তু একদিন না যেতেই আবারও তাকে আইসিইউতে ভর্তি করা হয়েছে। ”এখন ডাক্তাররা বলতেছে, অন্য হাসপাতালে নিতে। আমার মেয়ের নাকি ব্রেনে ইনফেকশন হইছে। এহন আমি কী করমু? আমি তো কিছু বুঝতাছি না,„ বিবিসি বাংলাকে বলেন তিনি।

**'ঢাকায় রোগীর চাপ বাড়ায় ঝুঁকিও বাড়ছে'**

"বাচ্চারে এলাকার হাসপাতালে নিছিলাম, ডাক্তার দেখে বললো সদরে নিতে- আমরা আর দেরি করি নাই, একবারে ঢাকায় আনছি।„ বিবিসি বাংলাকে বলছিলেন রাজবাড়ীর পাংশা এলাকার বাসিন্দা ফয়জুল হক। সপ্তাহখানেক ধরে তার তিন বছরের সন্তান হাম রোগে আক্রান্ত। তার মতো হামের উপসর্গ থাকা শিশু সন্তানকে নিয়ে চিকিৎসার আশায় ঢাকামুখী হয়েছেন অনেকেই। আইসিইউ সাপোর্টসহ জরুরি চিকিৎসার সক্ষমতায় ঘাটতি থাকায় কোনো কোনো রোগীকে ঢাকার বিভিন্ন হাসপাতালে রেফারও করা হচ্ছে। কেউ আতঙ্কে, আবার কেউ ভালো চিকিৎসার আশায়, অথবা চিকিৎসকের পরামর্শে ঢাকার হাসপাতালগুলোতে ছুটছেন। ঢাকা শিশু হাসপাতাল এবং মহাখালী ডিএনসিসি ডেডিকেটেড কোভিড-১৯ হাসপাতাল (যেটি এখন হাম আক্রান্ত রোগীদের জন্য নির্ধারিত) সরেজমিন পরিদর্শনে দেখা গেছে, ভর্তি রোগীর অধিকাংশই ঢাকার বাইরে থেকে আসা। ডিএনসিসি ডেডিকেটেড কোভিড-১৯ হাসপাতালের পরিচালক ডা. লতিফা রহমান জানান, বর্তমানে হাম এবং হামের উপসর্গ নিয়ে ওই হাসপাতালটিতে ভর্তি ৪৫৭ জন (শনিবার দুপুর পর্যন্ত) রোগীর বড়ো অংশই বাইরের জেলার। তিনি বলছেন, ঢাকার বাইরে চিকিৎসা সম্ভব হলেও, অনেক ক্ষেত্রে প্যানিক হয়ে রোগীর স্বজনরা ঢাকার হাসপাতালগুলো চিকিৎসার জন্য বেছে নিচ্ছেন। "মফস্বল থেকে অনেক রোগী আসায় আমাদের ওপর চাপ বাড়ছে। হয়ত সেখানেই চিকিৎসা সম্ভব ছিল। কিন্তু বাড়তি রোগী ঢাকায় চলে আসায় বরং ঝুঁকি আরও বাড়ছে,„ বলেন তিনি। মিজ রহমান বলছেন, চিকিৎসকদের পাঠানো বা রেফার করা কিছু রোগী যেমন আসছেন, তেমনি 'ঢাকায় গেলেই ভালো চিকিৎসা পাওয়া যাবে' এমন চিন্তা থেকেও ঢাকামুখী হচ্ছেন অনেকে। "হামের চিকিৎসা জটিল কিছু না। প্রাথমিক স্টেজে রোগ শনাক্ত করে, পরিষ্কার-পরিচ্ছন্ন থেকে, পুষ্টিকর খাবার খেয়ে জেলা-উপজেলা পর্যায়েও আমরা কিন্তু চিকিৎসা নিতে পারি,„ বলেন তিনি।

**সমন্বিত উদ্যোগে ঘাটতির অভিযোগ**

স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক প্রতিবেদনের তথ্য অনুযায়ী, চলতি বছরের ১৫ মার্চ থেকে ১৬ই মে পর্যন্ত দুই মাসে হাম ও হামের উপসর্গ নিয়ে ৪৫৩ শিশুর মৃত্যু হয়েছে। এছাড়া, এই সময়ের মধ্যে সারা দেশে ৬০ হাজারের বেশি রোগী হাসপাতালে ভর্তি হয়েছে, যার মধ্যে প্রায় ৩৭ হাজার রোগী চিকিৎসা নিয়ে হাসপাতাল ছেড়েছে। শনিবার স্বাস্থ্য অধিদপ্তরের দেওয়া সবশেষ তথ্য অনুযায়ী, হাম ও হামের উপসর্গ নিয়ে ২৪ ঘণ্টায় ১ হাজার ৬৯ জন রোগী নতুন করে দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছে। জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, শিশুদের আক্রান্তের সংখ্যা হামের সংক্রমণ কমার বার্তা দিচ্ছে না। যদিও চলতি মাসেই এ নিয়ে ধারণা পাওয়া যেতে পারে বলে মনে করেন জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডা. মুশতাক হোসেন। কারণ এই দফায় শিশুদের হামের টিকা দেওয়ার এক মাস পূর্ণ হবে আগামী ২০ মে। সমন্বিত চিকিৎসা ব্যবস্থা কার্যকর করা যাচ্ছে না বলেই হাম রোগের চিকিৎসায় এক ধরনের অব্যবস্থাপনা রয়ে গেছে বলে মনে করেন মি. হোসেন। তিনি বলছেন, স্বাস্থ্য মন্ত্রণালয়ের সব শাখা এখনো ঠিকভাবে কাজ করছে না, অনেক বিভাগই চিঠির জন্য বসে থাকে। "আমরা টিকার ওপর আশা করে বসে আছি। কবে সংক্রমণ কমবে, তারপর রোগীর সংখ্যা কমবে। শিশু মৃত্যুটা কোনোভাবেই মেনে নেওয়া যায় না,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। কমিউনিটি পর্যায়ে কাজ করার কথা বলছেন এই বিশেষজ্ঞ। যার জন্য কেবল স্বাস্থ্য মন্ত্রণালয় নয়, এর সঙ্গে স্থানীয় সরকার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সব পক্ষকে যুক্ত করার পরামর্শ তার। "চাইলেই জরুরি রোগীর চিকিৎসার জন্য আইসিইউ বাড়ানো সম্ভব নয়। যেখানে আইসিইউ আছে, সেটা শিশুদের জন্য কনভার্ট করে চালাতে পারবেন। কিন্তু যদি জটিল রোগী বাড়তেই থাকে, তাহলে আপনি কীভাবে সামলাবেন?„ বলেন মি. হোসেন।

কোভিড-১৯ মহামারির সময় সারা দেশে যে সমন্বিত পদ্ধতিতে চিকিৎসা দেওয়া হয়েছিল, একইভাবে সরকারি-বেসরকারি হাসপাতালসহ সব মন্ত্রণালয়কে হাম রোগের চিকিৎসায় তৎপর করার কথা বলছেন এই বিশেষজ্ঞ চিকিৎসক। তিনি বলছেন, "করোনার সময় এটা করা গিয়েছিল, তাহলে এখন কেন হবে না? একটি গাইড লাইনের মাধ্যমে কমিউনিটি ইন্টারভেনশন করা গেলে অসুস্থ হওয়া একটি শিশুও জরুরি পর্যায়ে যাওয়ার আগেই তাকে সুস্থ করা যাবে। তাহলে অন্য শিশুদেরও নতুন করে আক্রান্তের হার কমবে।„ এদিকে, হামের সঙ্গেই নিউমোনিয়ায় অনেক শিশু আক্রান্ত হচ্ছে, যার ফলে পরিস্থিতি খুব দ্রুতই জটিল হচ্ছে বলে মনে করেন মি. হোসেন। তিনি বলছেন, "হাম আক্রান্ত শিশুদের রোগ প্রতিরোধ ক্ষমতা একেবারেই কমে যায়, যার ফলে নানা সংক্রমণে আক্রান্ত হয়। হাম হলে খুব সহজেই শিশুর নিউমোনিয়ায় আক্রান্তের শঙ্কা থাকে। এসময় ঠিকমতো ম্যানেজ করা সম্ভব না হওয়ায় অনেক শিশু মারা যাচ্ছে।„ এদিকে, হাম রোগীদের আন্তর্জাতিকভাবে স্বীকৃত সব ধরনের চিকিৎসা দেওয়া হচ্ছে বলে সম্প্রতি দাবি করেছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। ইউনিসেফ এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার বরাত দিয়ে স্বাস্থ্যমন্ত্রী বলেন, "পৃথিবীর ইতিহাসে এত স্বল্প সময়ে, এত বিশাল জনসংখ্যার জন্য, ত্বরিত গতিতে এত ভ্যাকসিন আর কোনো দেশ জোগাড় করতে পারেনি, যেটা আমরা করেছি।„(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৫.২০২৬ আলী আহমেদ)

# রেডিও তেহরান

## কুমিল্লাকে বিভাগ করার প্রতিশ্রুতি এবং কৃষি বিশ্ববিদ্যালয় করার ঘোষণা প্রধানমন্ত্রীর

বাংলাদেশের কুমিল্লাকে বিভাগ করার প্রতিশ্রুতি ও কৃষি বিশ্ববিদ্যালয় করার ঘোষণা দিয়েছেন দেশটির প্রধানমন্ত্রী তারেক রহমান। আজ শনিবার বেলা পৌনে ২টার দিকে কুমিল্লার বরুড়ার লক্ষ্মীপুর বাজার মাঠে আয়োজিত পথসভায় তিনি এসব কথা বলেন। তারেক রহমান বলেন, সব ওয়াদা পর্যায়ক্রমে পূরণ করা হবে। ১৭ বছর লুটপাটের কারণে দেশের অর্থনীতি চাপের মধ্যে আছে, জনগণকে ধৈর্য ধরার আহ্বান জানান তিনি। তিনি বলেন, দেশের মানুষকে দেওয়া প্রতিশ্রুতি রক্ষা করছে বিএনপি। দেশ পুনর্গঠন সরকারের একার পক্ষে সম্ভব নয়। প্রয়োজন সবার সক্রিয় অংশগ্রহণ। তারেক রহমান আরো বলেন, ”আমরা আমাদের যে-সব পরিকল্পনা মানুষের সামনে উপস্থাপন করেছিলাম, তার ভিত্তিতে মানুষ আমাদের ভোট দিয়েছেন।„ প্রধানমন্ত্রী বলেন, ”বিএনপির নির্বাচনি প্রতিশ্রুতি অনুযায়ী এরই মধ্যে খাল খনন, ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ড বিতরণ এবং ইমাম-পুরোহিতদের সম্মানী দেওয়া শুরু হয়েছে। বিএনপি যে ওয়াদা দেয়, সরকারে এলে সেই ওয়াদা পূরণ করে।„ তিনি বলেন, ”বাংলাদেশ একটি কৃষিপ্রধান দেশ। কুমিল্লা থেকে প্রচুর পরিমাণে কৃষিপণ্য দেশের বিভিন্ন স্থানে রপ্তানি হয়। আপনাদের দাবি হচ্ছে একটি কৃষি বিশ্ববিদ্যালয়। আমি আগামী কয়েক দিনের মধ্যে শিক্ষামন্ত্রীর সঙ্গে কথা বলব। আমরা যত দ্রুত সম্ভব কুমিল্লায় একটি কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের চেষ্টা করব।„ (রেডিও তেহরান ওয়েব পেজ : ১৬.০৫.২০২৬ আলী আহমেদ)

## ভঙ্গুর অর্থনীতি পুনরুদ্ধারে দুই বছর সময় লাগবে : অর্থমন্ত্রী

বাংলাদেশের অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, দেশটির বিগত সরকারগুলো দেশের অর্থনীতিকে বিপর্যয়কর অবস্থায় রেখে বিদায় নিয়েছে। সেই ভঙ্গুর অর্থনীতি পুনরুদ্ধারে আরো দুই বছর সময় লাগবে বলে তিনি মন্তব্য করেন। আজ শনিবার সকালে চট্টগ্রামের আগ্রাবাদে মা ও শিশু হাসপাতালের নতুন ভবন উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। অর্থমন্ত্রী আরো বলেন, বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার সঙ্গে সঙ্গে মধ্যপ্রাচ্যে যুদ্ধের কারণে বড়ো ধরনের বৈশ্বিক সংকট মোকাবিলা করতে হয়েছে। এই সংকটে শুধু জ্বালানি খাতে আগামী অর্থবছরের ৪০ হাজার কোটি টাকা খরচ হয়ে গেছে। এছাড়া, বিদ্যুৎ খাতসহ বিদেশি ঋণের কিস্তি দিতে ২ মাসে আরো ৫০ হাজার কোটি টাকা খরচ হয়েছে। সব মিলিয়ে আমাদের জাতীয় অর্থনীতি ভালো অবস্থানে নেই। আমির খসরু বলেন, পতিত সরকারের আমলে স্বাস্থ্য খাতের বরাদ্দের বেশিরভাগই লুটপাট হয়েছে। বর্তমান সরকার শুধু স্বাস্থ্য খাতে বরাদ্দ দিয়েই দায় সারবে না। সেই বরাদ্দ যথাযথভাবে ব্যবহার হচ্ছে কি না, সেটাও মনিটরিং করবে। আগের সরকারগুলো মেডিকেল কলেজে হস্তক্ষেপ করত। এই সরকার কোনও খাতে হস্তক্ষেপ করে না। কারণ এ ধরনের প্রতিষ্ঠানে সরকারি হস্তক্ষেপ হলে প্রতিষ্ঠানগুলোর পেশাদারিত্ব নষ্ট হয়ে যায়। আমরা সেটা করব না। কারণ এখানকার শিক্ষার মান নষ্ট হলে শুধু হাসপাতাল কিংবা সরকার ক্ষতিগ্রস্ত হয় না, গোটা রাষ্ট্র ক্ষতিগ্রস্ত হয়।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ১৬.০৫.২০২৬ আলী আহমেদ)

## হরমুজ প্রণালি সংকটের কারণ ইরান নয়; অবিলম্বে যুদ্ধ বন্ধ করুন : ল্যাভরভ

রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী আজ নয়াদিল্লিতে বলেছেন, হরমুজ প্রণালি সংকটের জন্য ইরান দায়ী নয়। তাসনিম নিউজ এজেন্সির বরাত দিয়ে পার্সটুডে জানিয়েছে, রুশ পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভ শুক্রবার নয়াদিল্লিতে বলেছেন, ইরানের বিরুদ্ধে যুদ্ধ অবিলম্বে বন্ধ করতে হবে এবং একটি স্থায়ী সমাধানে পৌঁছাতে হবে। রুশ পররাষ্ট্রমন্ত্রী আরও বলেন, হরমুজ প্রণালি সংকটের জন্য ইরান মোটেই দায়ী নয়। সের্গেই ল্যাভরভ আরো বলেন, এই মুহূর্তে ইরানের বিষয়ে প্রধান কাজ হলো অবিলম্বে যুদ্ধ শেষ করা এবং একটি স্থায়ী সমাধানে পৌঁছানো। রুশ পররাষ্ট্রমন্ত্রী জোর দিয়ে আরও বলেন, নৌ-পরিবহণের নিরাপত্তা শতভাগ নিশ্চিত করা হয়েছে। তিনি বলেন, এর মূল কারণ হলো ইরানের বিরুদ্ধে মার্কিন যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের বিনা উস্কানিতে আগ্রাসন। ল্যাভরভের মতে, ইরানের বিরুদ্ধে মার্কিন আগ্রাসনের উদ্দেশ্য ছিল ”ইরান ও তার প্রতিবেশীদের মধ্যে শত্রুতা তৈরি করা।„ ব্রিকস পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠকে যোগ দিতে আসা নয়াদিল্লি সফরকালে সের্গেই ল্যাভরভ বলেন, ইরান ও তার আরব বন্ধুদের মধ্যে দীর্ঘমেয়াদি মধ্যস্থতাকারীর ভূমিকা পালন করতে পারে ভারত।(রেডিও তেহরান ওয়েব পেজ : ১৬.০৫.২০২৬ আলী আহমেদ)

# এনএইচকে

## ইরানের পরমাণু কর্মসূচি নিয়ে 'নিশ্চয়তা' চান ট্রাম্প

একটি অনিশ্চিত যুদ্ধবিরতি মেনে চলেছে যুক্তরাষ্ট্র ও ইরান। মা র্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প শুক্রবার বলেন , শান্তি চুক্তি সম্পন্ন করতে হলে তেহরানকে দেশটির ইউরেনিয়াম সমৃদ্ধকরণ কর্মসূচি স্থগিত করার নিশ্চয়তা দিতে হবে। ট্রাম্পের ভাষ্যমতে , তিনি কর্মসূচিটি কয়েক দশকের জন্য বন্ধ রাখতে চান। তিনি বলেন , ”বিশ বছর যথেষ্ট হলেও, তাদের দে ওয়া নিশ্চয়তার মাত্রা যথেষ্ট নয়। অন্য কথায় , এটি সত্যিকারের বিশ বছর হতে হবে। „ যুক্তরাষ্ট্র, ইরানের প্রতি দেশটির সমৃদ্ধ ইউরেনিয়াম অপসারণের দাবি জানিয়ে আসছে। ট্রাম্প সাংবাদিকদের বলেন যে , সেই

দাবি এখনও বহাল থাকলেও , দুইপক্ষের মধ্যে আলোচনা পর্য ন্ত হচ্ছে না। ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি বলেন, এই বিষয়ে আলোচনা জটিল এবং সেটি অচলাবস্থায় রয়েছে। আরাঘচি বলেন , "আমেরিকানদের ওপর আমাদের কোনো আস্থা নেই। এটাই বাস্তবতা এবং যে-কোনো কূটনৈতিক প্রচেষ্টার পথে এটাই প্রধান বাধা। „ তিনি দাবি করেন যে , বিষয়টি আলোচনার আওতায় নেই এবং আলোচনার পরবর্তী পর্যায় পর্যন্ত তা স্থগিত রাখা হবে। (এনএইচকে ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ রুবাইয়া)

# ডয়চে ভেলে

## একই সময়ে স্বাধীন হওয়া অন্য দেশগুলো অনেক এগিয়ে গিয়েছে : তারেক রহমান

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, বর্তমান সময়ে প্রধান কাজ হচ্ছে দেশকে পুনর্গঠন করা। তিনি বলেন, একই সময়ে স্বাধীন হয়ে এশিয়ার অনেক দেশ বাংলাদেশের চেয়ে এগিয়ে গিয়েছে। শনিবার দুপুরে কুমিল্লার বরুড়া উপজেলার লক্ষ্মীপুর বাজার মাঠে একটি পথসভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী চাঁদপুর সফরে যাওয়ার পথে এ পথসভায় অংশ নেন। দেশ পুনর্গঠনের ওপর গুরুত্বারোপ করে প্রধানমন্ত্রী বলেন, "আমরা ১৯৭১ সালে যুদ্ধ করে এই দেশ স্বাধীন করেছিলাম। একই সময়ে স্বাধীন হওয়া এশিয়ার অন্য দেশগুলো আজ আমাদের থেকে অনেক এগিয়ে গিয়েছে। কারণ, আমরা এক বিরাট স্বৈরাচারের কবলে পড়েছিলাম। ১৯৭১ সালে যেভাবে হানাদার বাহিনীর হাত থেকে স্বাধীনতা ছিনিয়ে আনা হয়েছিল, ঠিক তেমনিভাবে দেশের মানুষ এবার স্বৈরাচারের কবল থেকে দেশকে মুক্ত করেছে। তবে শুধু দেশ স্বাধীন করলেই হবে না, এখন প্রধান কাজ হচ্ছে দেশকে পুনর্গঠন করা।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ রনি)

## আইএস-এর সেকেন্ড ইন কমান্ড নাইজেরিয়ায় নিহত : ট্রাম্প

ইসলামিক স্টেট-এর সেকেন্ড ইন কমান্ড আবু-বিলালা আল-মিনুকি নাইজেরিয়ায় এক যৌথ অভিযানে নিহত হয়েছেন। ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে এই তথ্য জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। নাইজেরিয়া ও যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী পরিচালিত এক যৌথ অভিযানে তিনি নিহত হয়েছেন। সামাজিক মাধ্যমে ট্রাম্প বলেন, "সে (আবু-বিলালা আল-মিনুকি) আর আফ্রিকার জনগণকে ভীতসন্ত্রস্ত করতে পারবে না অথবা আমেরিকানদের লক্ষ্য করে কোনো পরিকল্পনা তৈরিতে সাহায্য করতে পারবে না।„ পোস্টে তিনি অভিযানে সহযোগিতার জন্য নাইজেরিয়া সরকারকে ধন্যবাদ জানান। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৬.০৫ ২০২৬ রনি)

# জাগো নিউজ

## বাস্তবসম্মত হলে চাঁদপুরে দ্রুত ইপিজেড বাস্তবায়ন করবো: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন , সবকিছু বিবেচনা করে , সম্ভাব্যতা যাচাই করে চাঁদপুরে ইপিজেডের কাজ যদি বাস্তবসম্মত হয় , তাহলে দ্রুত এটি বাস্তবায়ন করবো। শনিবার (১৬ মে) বিকেলে চাঁদপুর সরকারি কলেজ মাঠে উপকারভোগীদের মাঝে ফ্যামিলি কার্ড বিতরণ কার্যক্রমের উদ্‌বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, এই এলাকার সন্তানদের শুধু কর্মসংস্থানের ব্যবস্থা নয়, দেশের অন্যান্য এলাকার যুবকদের জন্যও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। শিল্পায়নের মাধ্যমে চাঁদপুরকে অর্থনৈতিকভাবে আরও এগিয়ে নেওয়াই আমাদের লক্ষ্য। তারেক রহমান বলেন, বর্তমান বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে দক্ষ মানবসম্পদ তৈরি করাই সরকারের অন্যতম অগ্রাধিকার। চাঁদপুরে প্রতিষ্ঠিত বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রসঙ্গ তুলে ধরে বলেন , আমরা চাই , চাঁদপুরের বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে ছেলে-মেয়ে, নির্বিশেষে তরুণ সমাজকে দক্ষ হিসেবে গড়ে তুলতে। যাতে তারা দেশেই হোক কিংবা বিদেশে, নিজেদের যোগ্যতার ভিত্তিতে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে পারে। প্রধানমন্ত্রীর এই ঘোষণাকে কেন্দ্র করে অনুষ্ঠানে উপস্থিত সাধারণ মানুষের মধ্যে ব্যাপক উৎসাহ -উদ্দীপনা দেখা যায়। স্থানীয়রা মনে করেন , চাঁদপুরে ইপিজেড স্থাপিত হলে জেলায় নতুন শিল্পকারখানা গ ড়ে উঠবে, বাড়বে বিনিয়োগ এবং সৃষ্টি হবে হাজার হাজার মানুষের কর্মসংস্থান। একইসঙ্গে , জেলার অর্থনৈতিক কর্মকাণ্ডেও আসবে নতুন গতি। এসময় প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন, শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন , চাঁদপুর-২ আসনের সংসদ সদস্য ড. মোহাম্মদ জালাল উদ্দিন, চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিক , চাঁদপুর-৫ আসনের সংসদ সদস্য ইঞ্জিনিয়ার মো . মমিনুল হকসহ বিভিন্ন মন্ত্রণালয়ের মন্ত্রী -প্রতিমন্ত্রী ও সরকারের বিভিন্ন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।(জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ রুবাইয়া)

## উচ্চ মূল্যস্ফীতি-বিনিয়োগ স্থবিরতায় চাপ বাড়ছে অর্থনীতিতে

উচ্চ মূল্যস্ফীতি, বৈদেশিক মুদ্রার রিজার্ভের চাপ, বিনিয়োগে স্থবিরতা, জ্বালানি সংকট ও উৎপাদন খরচ বাড়ায় দেশের সামষ্টিক অর্থনীতিতে চাপ বাড়ছে বলে মনে করছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। একইসঙ্গে, মানুষের ক্রয়ক্ষমতা কমে যাওয়ায় সেবাখাতের প্রবৃদ্ধিও বাধাগ্রস্ত হচ্ছে বলে মনে করছে সংগঠনটি। শনিবার (১৬ মে) ডিসিসিআই অডিটোরিয়ামে আয়োজিত `অর্থনৈতিক অবস্থান সূচক (ইপিআই) : ঢাকার সামষ্টিক অর্থনীতির ত্রৈমাসিক মূল্যায়ন, শীর্ষক সেমিনারে এসব তথ্য তুলে ধরা হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বলেন, দেশের অর্থনীতি বর্তমানে একটি চ্যালেঞ্জিং সময় পার করছে। উচ্চ মূল্যস্ফীতি , রিজার্ভ সংকট, বিনিয়োগে মন্থরতা, জ্বালানির অনিশ্চয়তা ও কর্মসংস্থানের সুযোগ কমে যাওয়ায় সামষ্টিক অর্থনীতিতে চাপ তৈরি হয়েছে। তিনি বলেন, প্রচলিত সামষ্টিক অর্থনৈতিক সূচকগুলো স্বল্পমেয়াদে অর্থনীতির প্রকৃত অবস্থা ও তাৎক্ষণিক পরিবর্তনের সঠিক প্রতিফলন দিতে পারছে না। এ কারণে ডিসিসিআই `অর্থনৈতিক অবস্থান সূচক (ইপিআই), চালু করেছে, যা নীতি-নির্ধারক, উদ্যোক্তা ও গবেষকদের বাস্তব পরিস্থিতি মূল্যায়নে সহায়তা করবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৫.২০২৬ রিহাব)

## একে একে মারা গেলেন পরিবারের সবাই, পাশাপাশি দাফন হলেন ৫ জন

নারায়ণগঞ্জের ফতুল্লায় গ্যাস লিকেজ থেকে বিস্ফোরণে দগ্ধ হয়ে মারা যাওয়া একই পরিবারের পাঁচ সদস্যকে পটুয়াখালীর বাউফল উপজেলার কনকদিয়া ইউ নিয়নের কনকদিয়া গ্রামের পারিবারিক কবরস্থানে দাফন করা হয়েছে। শনিবার (১৬ মে) সকাল ১০টায় উত্তর কনকদিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে নিহত চারজনের জানাজার নামাজ অনুষ্ঠিত হয়। জানাজায় স্থানীয় শত শত মানুষ অংশ নেন। এসময় উপস্থিত ছিলেন পটুয়াখালী -২ আসনের সংসদ সদস্য ডা. শফিকুল ইসলাম মাসুদ। পরে পরিবারের কর্তা মীর কালামের কবরের পাশেই তার স্ত্রী ও তিন সন্তানকে দাফন করা হয়। স্থানীয় সূত্রে জানা যায়, গত রোববার নারায়ণগঞ্জের ফতুল্লার গিরিধারা এলাকায় একটি ভাড়া বাসায় গ্যাস লিকেজ থেকে বিস্ফোরণের ঘটনা ঘটে। এতে একই পরিবারের পাঁচজন দ গ্ধ হন। পরে গুরুতর অবস্থায় তাদের জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ভর্তি করা হয়। দগ্ধ হওয়ার পর চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার মারা যান পরিবারের কর্তা মীর কালাম (৩৫)। এরপর তাকে গ্রামের বাড়িতে এনে দাফন করা হয়। পরে একে একে মারা যায় তার তিন সন্তান- মুন্না, কথা ও মুন্নি। সবশেষ শুক্রবার সকালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তার স্ত্রী সায়মা (৩২)। শনিবার সকালে তাদের মরদেহ গ্রামের বাড়িতে পৌঁছালে স্বজনদের আহাজারিতে ভারী হয়ে ওঠে পুরো এলাকা। জানাজা শেষে মীর কালামের কবরের পাশেই স্ত্রী ও সন্তানদের দাফন করা হয়। নিহত মীর কালামের চাচাতো ভাই রফিক মিয়া বলেন, একই পরিবারের পাঁচজনকে হারিয়ে আমরা সবাই শোকে স্তব্ধ। গ্রামের মানুষ মিলে দাফনের সব ব্যবস্থা করেছে। পটুয়াখালী-২ বাউফল আসনের সংসদ সদস্য ড. সফিকুল ইসলাম মাসুদ বলেন, আমি ঘটনা শোনার সঙ্গে সঙ্গে ঢাকায় তাদের চিকিৎসার জন্য ব্য বস্থা করেছি। মরদেহ পটুয়াখালীতে নিয়ে আসার জন্য যা যা করা দরকার, সেগুলোর ব্যবস্থা করেছি। বিষয়টি খুবই দুঃখজনক , একই পরিবারের পাঁচজনের মৃত্যু , যা আমাদেরকে অনেক কষ্ট দিয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৫.২০২৬ রিহাব)

## সাবেক স্বাস্থ্য প্রতিমন্ত্রী মিজানুর রহমান সিনহা আর নেই

দীর্ঘ রাজনৈতিক জীবনের ইতি টেনে মৃত্যুবরণ করেছেন মুন্সিগঞ্জ জেলা বিএনপির আহ্বায়ক মিজানুর রহমান সিনহা (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন )। শুক্রবার (১৫ মে) দিবাগত রাত ২টার দিকে (১৬ মে) সিঙ্গাপুরে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিশ্বাস ত্যাগ ক রেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৩ বছর। তার মেয়ে একমি গ্রুপের উপ-ব্যবস্থাপনা পরিচালক তাসনিম সিনহা ও সফরসঙ্গী আনোয়ার সামাজিক যোগাযোগমাধ্যমে মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন। সদ্য প্রয়াত মিজান সিনহা মুন্সিগঞ্জ -২ (টঙ্গীবাড়ি ও লৌহজং) আসনের সাবেক সংসদ সদস্য এবং বিএনপির সাবেক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রীর পাশাপাশি কেন্দ্রীয় বিএনপির সাবেক কোষাধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করেছেন। বিএনপির বর্ষীয়ান এই রাজনীতিবিদের মৃত্যুর খবরে শোকের ছায়া নেমে এসেছে মুন্সিগঞ্জের স্থানীয় রাজনৈতিক অঙ্গনে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৫.২০২৬ রিহাব)

## সাবেক প্রতিমন্ত্রী মিজানুর রহমান সিনহার মৃত্যুতে মির্জা ফখরুলের শোক

দেশের ঔষধ প্রস্তুতকারক প্রতিষ্ঠান `একমি ল্যাবরেটরিজ লিমিটেডেরিজ অ্যান্ড গ্রুপ ,-এর ব্যবস্থাপনা পরিচালক ও সাবেক স্বাস্থ্য প্রতিমন্ত্রী মিজানুর রহমান সিনহার মৃত্যুতে শোক প্রকা শ করেছেন স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী এবং বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শনিবার (১৬ মে) এ সংক্রান্ত এক বিশেষ বার্তায় তিনি মরহুমের আত্মার মাগফেরাত কামনা করে শ্রদ্ধা ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন। মির্জা ফখরুল বলেন, মিজানুর রহমান সিনহার মৃত্যুতে রাজনৈতিক অঙ্গন, ঔষধ শিল্প এবং ব্যবসায়িক মহলে অপূরণীয়

ক্ষতি সাধন হয়েছে। এর আগে, শুক্রবার রাত ২টায় সিঙ্গাপুরের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান মিজানুর রহমান সিনহা। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৩ বছর। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৫.২০২৬ রিহাব)

## সৌদি আরবে পৌঁছেছেন ৫৮৩৪৭ হজযাত্রী, মারা গেছেন আরও একজন

এ বছর পবিত্র হজ পালন করতে বাংলাদেশ থেকে এখন পর্যন্ত ৫৮ হাজার ৩৪৭ জন সৌদি আরবে পৌঁছেছেন। সেখানে আরও একজন বাংলাদেশি মারা গেছেন। এ নিয়ে মোট ১৫ বাংলাদেশি হজযাত্রী মৃত্যুবরণ করেছেন। শনিবার (১৬ মে) ধর্ম মন্ত্রণালয়ের হজ পোর্টালের আইটি হেল্পডেস্কের প্রতিদিনের বুলেটিন থেকে এসব তথ্য জানা গেছে। বুলেটিন অনুযায়ী, এখন পর্যন্ত ১৫০টি হজ ফ্লাইট পরিচালনা করা হয়েছে। এর মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইনসের ৭৫টি, সৌদি এয়ারলাইনসের ৫৩টি ও ফ্লাইনাস এয়ারলাইনসের ২২টি ফ্লাইট পরিচালিত হয়েছে। সর্বশেষ শুক্রবার (১৫ মে) টাঙ্গাইলের গোপালপুরের মো. এ মজিদ (৭৫) মদিনায় মারা গেছেন। তিনি বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৫.২০২৬ রিহাব)

## ইসলামপন্থি রাজনৈতিক দলগুলোর নীতিগত অবস্থান পরিষ্কারের আহ্বান টিআইবির

রাজধানীর মিরপুরের শাহ আলী মাজারে আক্রমণের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। একইসঙ্গে, লোকজ ঐতিহ্য ও সাংস্কৃতিক বৈচিত্র্যময় চর্চার অধিকার এবং সহাবস্থান বিষয়ে জামায়াতসহ অন্যান্য ধর্মভিত্তিক রাজনৈতিক দল ও সংগঠনের নীতিগত অবস্থান পরিষ্কার করারও আহ্বান জানিয়েছে সংস্থাটি। শনিবার (১৬ মে) এক বিবৃতিতে টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, এই নির্লজ্জ ও কাপুরুষোচিত আক্রমণ অন্তর্বর্তী সরকারের আমলে বাংলাদেশের লোকজ ঐতিহ্যের পরিপন্থি শক্তির উত্থান ও দেশব্যাপী বহুমত, বহুধর্মী, সাংস্কৃতিক বৈচিত্র্যের ওপর সহিংস ও ষড়যন্ত্রমূলক কর্মকাণ্ডের ধারাবাহিকতা। তিনি আরও বলেন, এটিকে বিচ্ছিন্ন ঘটনা হিসেবে বিবেচনা করার কোনো সুযোগ নেই। বরং সুপরিকল্পিতভাবে বিদ্বেষ ও হিংসা ছড়িয়ে আবহমান বাঙালির উদার নৈতিক, লোকজ ঐতিহ্য ও সাংস্কৃতিক বৈচিত্র্যময় চর্চার ক্ষেত্র ও মাধ্যিমসমূহ ধ্বংস করে সাম্প্রদায়িক শক্তিকে বিকশিত করার সুদূরপ্রসারী ছকের অংশ, যা মুক্তচিন্তা ও সহিষ্ণু আচরণের ধারক ও বাহক তথা দেশবাসীর জন্য অশনিসংকেত। টিআইবির নির্বাহী পরিচালক আরও বলেন, বাংলাদেশের স্বাধীনতা ও জুলাই আন্দোলনের মূল চেতনা ও অভিষ্টের ধারক শক্তি হিসেবে বিপুল জনসমর্থনে নির্বাচিত বর্তমান বিএনপি সরকার। সামাজিক বৈচিত্র্যের সহাবস্থান পরিপন্থি এ ধ্বংসাত্মক অপতৎপরতা প্রতিরোধের দায়িত্ব সরকারের। তিনি আরও বলেন, আমরা শাহ আলী মাজারের ওপর আক্রমণের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই। সুষ্ঠু ও নির্মোহ তদন্তের মাধ্যমে ঘটনায় জড়িতদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক জবাবদিহি নিশ্চিতের জন্য সরকারের প্রতি আহ্বান জানাচ্ছি। এর আগের সহিংস ঘটনাগুলোর ক্ষেত্রে ন্যায়বিচারের ন্যূনতম দৃষ্টান্ত যদি থাকতো, তাহলে শাহ আলীর মাজারের ঘটনা এড়ানো যেত বলে বিশ্বাস করি। বিবৃতিতে আরও বলা হয়, বাংলাদেশ জামায়াতে ইসলামীর কর্মীদের সংশ্লিষ্টতার অভিযোগ শুধু প্রত্যাখ্যান যথেষ্ট নয়, বাংলাদেশের স্বাধীনতা ও জুলাই আন্দোলনের মূল চেতনার পাশাপাশি এদেশের চিরায়ত সাংস্কৃতিক, আধ্যাত্মিক ও সামাজিক বৈচিত্র্যের সহাবস্থানের যে গৌরবোজ্জ্বল সংস্কৃতি রয়েছে, এ ব্যাপারে তাদের ও ধর্মভিত্তিক অন্য রাজনৈতিক দলগুলোর অবস্থান পরিষ্কার করার আহ্বান জানাই। একইসঙ্গে তাদের দল ও অঙ্গসংগঠনের যে-সব নেতা-কর্মীর বিরুদ্ধে এ ষড়যন্ত্রমূলক অপরাধের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত থাকার অভিযোগ উঠেছে, তাদের কার্যকরভাবে নির্বৃত্ত করার কর্মকৌশল অবলম্বনের জোর দাবি জানাচ্ছি। এতে আরও উল্লেখ করা হয়, বাংলাদেশে বসবাসকারী সব জাতি-ধর্ম-বর্ণ, বিশ্বাস ও চর্চার অনুসারী প্রত্যেকের তার নিজস্ব বিশ্বাস, ধর্ম ও সংস্কৃতি লালন এবং চর্চার অধিকার সংবিধান স্বীকৃত। যার নিশ্চয়তার দায়িত্ব সরকারের পাশাপাশি সংসদে প্রতিনিধিত্বকারী ও সংসদের বাইরে সব রাজনৈতিক দল ও সংগঠনের। এক্ষেত্রে সব পক্ষের দায়িত্বশীল আচরণ প্রত্যাশা করছে টিআইবি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ রুবাইয়া)

## খালকে ডাস্টবিন হিসেবে ব্যবহারের মানসিকতা থেকে বের হতে হবে

চট্টগ্রাম নগরের জলাবদ্ধতা নিরসনে চলমান প্রকল্পগুলোর কাজ এবছরই শেষ হবে বলে জানিয়েছেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেন, প্রকল্পগুলোর কাজ শেষ হলে নগরে আর স্থায়ী জলাবদ্ধতা থাকবে না। জলাবদ্ধতা নিরসনে নগরবাসীর সহযোগিতা চেয়ে অর্থমন্ত্রী বলেন, খালকে ডাস্টবিন হিসেবে ব্যবহার করার মানসিকতা থেকে বের হয়ে আসতে হবে। জনগণের অংশগ্রহণ ছাড়া প্রকল্পের পূর্ণ সুফল পাওয়া সম্ভব নয়। শনিবার (১৬ মে) বিকেলে নগরের শুলকবহর এলাকায় মির্জা খালের ওপর নির্মাণাধীন সেতুর কাজ পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ রুবাইয়া)

## ভালোর পক্ষে পানির মতো তরল থাকবো, অন্যায় দেখলে ইস্পাত কঠিন হবো : জামায়াতে আমির

বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা . শফিকুর রহমান (এমপি) বলেছেন, আমরা ভালো কাজের পক্ষে সব সময় পানির মতো তরল থাকবো , কিন্তু অন্যায় দেখলে ইস্পাতের মতো কঠিন হবো। শনিবার (১৬ মে) বিকেল সাড়ে ৪টায় রাজশাহীর মাদ্রাসা মাঠে গণভোটের রায় বাস্তবায়ন , জনদুর্ভোগ লাঘব ও পদ্মা নদীর পানির ন্যায্য হিস্যার দাবিতে ১১ দলীয় ঐক্যজোট আয়োজিত সমাবেশে তিনি এ কথা বলে ন। বিএনপিকে উদ্দেশ্য করে ডা . শফিকুর রহমান বলেন , যাদের ত্যাগ ও আত্মদানের ফলে দেশে একটি জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট অনুষ্ঠিত হয়েছে, তাদের প্রতি কৃতজ্ঞ থাকা উচিত। স্বপ্নবাজ তরুণদের কোরবানির ফলে অনেকে কারামুক্ত হয়েছেন , কেউ প্রধানমন্ত্রী হয়েছেন , কেউ মন্ত্রী হয়ে ছেন। কিন্তু আপনারা কৃতজ্ঞ না থেকে বিগত স্বৈরাচার যে পথে হেঁটেছিল , আপনারাও সেই পথেই হাঁটছেন। তিনি আরও বলেন , জুলাই আন্দোলনে তরুণরা ভয়কে জয় করে বুলেটের সামনে দাঁড়িয়েছিল। বিগত ১৭ বছর আমরা ফ্যাসিস্ট সরকারের বিরুদ্ধে অনেক আন্দোলন করেছি, কিন্তু দেশকে ফ্যাসিবাদমুক্ত করতে পারিনি। শেষ পর্যন্ত তরুণদের রক্ত ও আত্মত্যাগের ফলেই বাংলাদেশ স্বৈরাচারমুক্ত হয়েছে। এখন সেই তরুণদেরই `শিশু সংগঠন, বা `গুপ্ত সংগঠন, বলা হচ্ছে। এটি অত্যন্ত দুঃখজনক।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ রুবাইয়া)

## চট্টগ্রামে সাড়ে ৪২ লাখ টাকার প্লাস্টিক দানা আত্মসাৎ, গ্রেফতার ৩

চট্টগ্রাম নগরের পতেঙ্গা মডেল থানা পুলিশের অভিযানে কাভার্ড ভ্যান ভর্তি প্লাস্টিক দানা আত্মসাতের ঘটনায় তিনজনকে গ্রেফতার করা হয়েছে। এ সময় আত্মসাৎ হওয়া ২৬০ ব্যাগ প্লাস্টিক দানা ও একটি কাভার্ড ভ্যান উদ্ধার করা হয়। শনিবার (১৬ মে) চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে আত্মসাৎ ও গ্রেফতারের বিষয়টি জানানো হয়। পুলিশ জানায়, আত্মসাৎ হওয়া প্লাস্টিক দানার মোট মূল্য প্রায় ৪২ লাখ ৬৪ হাজার টাকা। এর মধ্যে উদ্ধার হওয়া ২৬০ ব্যাগ প্লাস্টিক দানার মূল্য প্রায় ২২ লাখ টাকা। মামলার এজাহার সূত্রে জানা গেছে, বাদী মো. ওবাইদুল হক খসরু একটি পরিবহ ণ প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। প্যারাগন প্লাস্টিক লিমিটেডের আমদানিকৃত ৫২০ ব্যাগ প্লাস্টিক দানা কারখানায় পৌঁছে দেওয়ার জন্য একটি কাভার্ড ভ্যান ভাড়া করা হয়। গত ৪ মে পতেঙ্গা এলাকার এসএপিএল ডিপো থেকে পণ্য বোঝা ই করে গাড়িটি রও য়ানা দেয়। অভিযোগে বলা হয় , গাড়িচালক মো. রাশেদ নির্ধারিত কারখানায় পণ্য পৌঁছে না দিয়ে সহযোগীদের নিয়ে সেগুলো আত্মসাৎ করেন। পরে এ ঘটনায় ৯ মে পতেঙ্গা থানায় পেনাল কোডের ৪০৭/৩৪ ধারায় মামলা করা হয়। মামলার পর পুলিশ নগরের বিভিন্ন এলাকায় অভিযান শুরু করে। গত ১১ মে বন্দর এলাকায় অভিযান চালিয়ে ইমাম আলী ওরফে ইমন (২১) নামের একজনকে গ্রেফতার করা হয়। তার দেওয়া তথ্যের ভিত্তিতে ১৩ মে মিরসরাই এলাকা থেকে কাভার্ড ভ্যানচালক মো. রাশেদকে (২৯) গ্রেফতার করা হয়। পরে রাশেদের দেওয়া তথ্যের ভিত্তিতে টঙ্গী পশ্চিম এলাকায় অভিযান চালিয়ে আশরাফ আলী সিকদার (৫০) নামের আরও একজনকে গ্রেফতার করে পুলিশ। পরে তার দেখানো একটি গোডাউন থেকে ২৬০ ব্যাগ প্লাস্টিক দানা ও পণ্য পরিবহনে ব্যবহৃত কাভার্ডভ্যানটি উদ্ধার করা হয়। পুলিশ জানিয়েছে , ঘটনায় জড়িত অন্য আসামিদের গ্রেফতার এবং বাকি মালামাল উদ্ধারে অভিযান চলছে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ রুবাইয়া)

## আবু সাঈদ হত্যা মামলার আসামি বেরোবির সাবেক ভিসি গ্রেফতার

রংপুরে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদ হত্যা মামলায় ১০ বছরের কারাদণ্ডপ্রাপ্ত আসামি ও বিশ্ববিদ্যালয়টির সাবেক উপাচার্য ড. হাসিবুর রশীদকে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার (১৬ মে) রাতে রাজধানীর মোহাম্মদপুর এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ রুবাইয়া)

## কর্ণফুলি সংযুক্ত খাল পরিদর্শন তিন প্রতিমন্ত্রীর, ড্রেজিংয়ে সন্তোষ

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের তত্ত্বাবধানে কর্ণফুলি নদীর সঙ্গে সংযুক্ত মহেশখালসহ কয়েকটি গুরুত্বপূর্ণ মুখে চলমান ড্রেজিং কার্যক্রম পরিদর্শন করেছেন নৌপরিবহ ণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী রাজীব আহসান , স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মীর শাহে আলম এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক ও ভূমি মন্ত্র ণালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী মীর মোহাম্মদ হেলাল উদ্দিন। শনিবার (১৬ মে) অনুষ্ঠিত এ পরিদর্শনে উপস্থিত ছিলেন চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সদস্য (হারবার ও মেরিন) ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান কমডোর আহমেদ আমিন আব্দুল্লাহ। এ সময় তিনি কর্ণফু লি নদীর নাব্য রক্ষা এবং খালগুলোর মুখে চলমান ড্রেজিং কার্যক্রম সম্পর্কে প্রতিমন্ত্রীদের বিস্তারিত ব্রিফিং দেন। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ সূত্রে জানা যায়, কর্ণফুলি নদীর যথাযথ নাব্য বজায় রাখা এবং নদীর সঙ্গে সংযুক্ত খালগুলোর মুখে নিরবচ্ছিন্ন পানির প্রবাহ নিশ্চিত করতে বন্দর কর্তৃপক্ষ নিজস্ব অর্থায়নে নিয়মিত ড্রেজিং কার্যক্রম পরিচালনা করছে। এর ফলে চট্টগ্রাম নগরীর পানি নিষ্কাশন ব্যবস্থা সহজ হয়েছে , যা আসন্ন বর্ষা মৌসুমে জলাবদ্ধতা নিরসনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। বন্দর কর্তৃপক্ষ জানায় , কর্ণফুলি নদীর সঙ্গে সংযুক্ত এসব খালের মুখ ড্রেজিংয়ের দায়িত্ব চট্টগ্রাম সিটি

করপোরেশনকে পালন করতে হলে বিপুল অর্থ ব্যয় হতো। তবে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ নিজ উদ্যোগে কার্যক্রম বাস্তবায়ন করায় চট্টগ্রাম সিটি। করপোরেশনের উল্লেখযোগ্য অর্থ সাশ্রয় হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ রুবাইয়া)

## দেশের স্বার্থ নষ্ট হয় এমন কোনো চুক্তি করবে না সরকার: মির্জা ফখরুল

দেশের জাতীয় স্বার্থ নষ্ট হয়, এমন কোনো চুক্তি সরকার করবে না বলে মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব ও স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শনিবার (১৬ মে) ফারাক্কা লং মার্চ দিবস উপলক্ষ্যে রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে বিএনপি আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। মির্জা ফখরুল বলেন, ”ভারতের সঙ্গে বাংলাদেশের সুসম্পর্ক বজায় থাকবে কি না তা ফারাক্কা চুক্তি সম্পাদনের মধ্যদিয়েই নির্ভর করবে। বাংলাদেশের স্বার্থ সবার আগে দেখবে সরকার, ইনশাল্লাহ।„ বিএনপি মহাসচিব বলেন, চলতি বছর চুক্তি শেষে ফারাক্কা চুক্তি নবায়নে ভারতকে এগিয়ে আসতে হবে। তবে বাংলাদেশের স্বার্থ রক্ষা করেই ফারাক্কা ব্যারাজ চুক্তি নবায়ন করা হবে। তিনি বলেন, বাংলাদেশের জনগণের অভিপ্রায় ও জাতীয় স্বার্থ গুরুত্ব দিয়ে ই ফারাক্কা ইস্যুর সমাধানে আলোচনা ও চুক্তি হতে হবে। মির্জা ফখরুল বলেন, একটি গোষ্ঠীর কয়েকজন নেতা বিভিন্নভাবে এই সরকারের বিরুদ্ধে কথা বলছে এবং অস্থিতিশীলতা তৈরির চেষ্টা করছে। বাংলাদেশের জনগণ, যারা বুকের রক্ত দিয়ে গণতন্ত্রকে অর্জন করেছে, তারা কখনই, কোনোভাবেই কোনোরকম চক্রান্ত-ষড়যন্ত্র এখানে মাথা তুলে দাঁড়াতে দেবে না। জনগণকে এ বিষয়ে সতর্ক থাকার আহ্বান জানান তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ রুবাইয়া)

## ভবদহ সমস্যার সমাধান বর্তমান সরকারের রাজনৈতিক অঙ্গীকার

যশোরের দুঃখ খ্যাত ভবদহ অঞ্চলের দীর্ঘদিনের জলাবদ্ধতা সমস্যার স্থায়ী সমাধানে সরকার কার্যকর ভূমিকা রাখতে চায় বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। তিনি বলেন, ভবদহ সমস্যার সমাধান বর্তমান সরকারের রাজনৈতিক অঙ্গীকার। শনিবার (১৬ মে) দুপুরে যশোর শিল্পকলা অ্যাকাডেমি মিলনায়তনে পানি উন্নয়ন বোর্ড (পাউবো) ও ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিংয়ের (আইডব্লিউএম) সহযোগিতায় এক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ভবদহ এলাকার পানি নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন এবং দক্ষিণ - পশ্চিমাঞ্চলের শিবসা ও পশুর নদীর অববাহিকার পলি ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষা বিষয়ে এ কর্মশালার আয়োজন করা হয়। প্রতিমন্ত্রী বলেন, ভবদহ সমস্যার সমাধান টিআরএম (টাইডাল রিভার ম্যানেজমেন্ট)-এর মধ্যেই নিহিত রয়েছে। তবে টিআরএম বাস্তবায়নে মানুষের মধ্যে আস্থার সংকট আছে। ক্ষতিগ্রস্তদের যথাযথ ক্ষতিপূরণ দিয়ে তাদের আস্থায় আনতে পারলে দ্রুত এ সমস্যার সমাধান সম্ভব।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশকে অস্থিতিশীল করতে কাজ করছেন ভারতের শুভেন্দু: কর্নেল অলি

ভারতের পশ্চিমবঙ্গের বিজেপি নেতা শুভেন্দু অধিকারী বাংলাদেশকে অশান্ত ও অস্থি তিশীল করতে কাজ করছেন বলে মন্তব্য করেছেন লিবারেল ডেমোক্রেটিক পার্টির (এলডিপি) সভাপতি কর্নেল (অব.) অলি আহমেদ বীর বিক্রম। তিনি বলেছেন, শুভেন্দু ক্ষমতায় আসার পর থেকে বলে বেড়াচ্ছেন বাংলাদেশকে দখল করে নেবেন। এখানে দেখতে হবে, দেশে তার কোনো অনুসারী আছে কি না। শনিবার (১৬ মে) বিকেলে রাজশাহীর মাদ্রাসা মাঠে ১১-দলীয় ঐক্যজোট আয়োজিত এক বিভাগীয় সমাবেশে তিনি এসব কথা বলেন। গণভোটের রায় বাস্তবায়ন, জনদুর্ভোগ লাঘব এবং পদ্মা নদীর পানির ন্যায্য হিস্যার দাবিতে এই সমাবেশের আয়োজন করা হয়। কর্নেল অলি বলেন, এখন দলীয়করণের মাধ্যমে অযোগ্য লোকদের বিভিন্ন পদে বসানো হচ্ছে। আমরা আমাদের ১১ দলীয় ঐক্যের জন্য নেতা বা মন্ত্রী পদ চাইনি, আমরা চেয়েছি সংস্কার। দেশের অর্থনীতির অবস্থা ভয়াবহ। বিদেশের দিকে তাকিয়ে না থেকে নিজেদের উৎপাদন বাড়াতে হবে। আপনারা যাদের মন্ত্রী বানিয়েছেন, তাদের অনেকেরই যোগ্যতা নেই। তারা জনগণের নয়, নিজেদের স্বার্থ রক্ষায় ব্যস্ত। দেশের সমস্যা সমাধানে বিরোধী দলকে সঙ্গে নি য়ে কাজ করুন। সমাবেশের সভাপতি মওলানা রফিকুল ইসলাম খান এমপি বলেন, গণভোটে দেশের ৭০ শতাংশ মানুষ ভোট দিয়েছেন। প্রধানমন্ত্রী নিজেও গণভোটের প্রচারণায় অংশ নিয়েছিলেন। অথচ এখন ব লা হচ্ছে, জনগণ গণভোট বোঝে না। বিএনপি নেতারা পাগল হতে পারেন, কিন্তু বাংলাদেশের মানুষ পাগল নয়। তারা বুঝে শুনেই ভোট দিয়েছেন। তাই দ্রুত জনগণের রায় মেনে নিতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ রুবাইয়া)

## ঈদের অতিরিক্ত বর্জ্যের চাপ সামলানোর সক্ষমতা সিইটিপির নেই

পবিত্র ঈদুল আজহার সময় ট্যানারিগুলোর অতিরিক্ত বর্জ্যের চাপ সামলানোর সক্ষমতা সাভারের চামড়া শিল্পনগরীর কেন্দ্রীয় বর্জ্য শোধনাগারের (সিইটিপি) নেই বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী খন্দকার আব্দুল মোক্তাদির। শনিবার (১৬ মে) দুপুরে সাভারের হেমায়েতপুরের হরিণধরা এলাকায় চাম ড়া শিল্পনগরীর সিইটিপি পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে

আলাপকালে এসব কথা জানান। এর আগে, তিনি বিসিক কার্যালয়ে ট্যানারি মালিকদের সঙ্গে মতবিনিময় সভা করেন। শিল্পমন্ত্রী বলেন, সিইটিপিতে বর্তমানে প্রতিদিন যে পরিমাণ বর্জ্য শোধন করা সম্ভব , তার চেয়ে কোরবানি ঈদের পিক টাইমে বর্জ্যের পরিমাণ কয়েক গুণ বেড়ে যায়। এই অতিরিক্ত চাপ সামাল দিতে সরকার নতুন সিদ্ধান্ত নিতে যাচ্ছে। আগামী দিনে যে -সব ট্যানারি মালিকের সক্ষমতা রয়েছে , তারা নিজেদের ইটিপি (বর্জ্য শোধনাগার) নিজেই তৈরি করবেন। এ ক্ষেত্রে প্রয়োজনে সরকারের পক্ষ থেকে সহায়তা দেওয়া হবে। চামড়া শিল্পের বর্তমান পরিস্থিতি নিয়ে ক্ষোভ প্রকাশ করে খন্দকার আব্দুল মোক্তাদির বলেন, চামড়া দেশের রপ্তানি খাতের অন্যতম সম্ভাবনাময় দিক ছিল এবং এখনো আছে। কিন্তু হাজারীবাগ থেকে যেভাবে সাভারে চামড়া শিল্প স্থানান্তর করা হয়েছে , তাতে এই শিল্পকে চরম অবহেলা করা হয়েছে। ফলে খাতটি কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে পারেনি। বিগত বছরগুলোতে এই সম্ভাবনাকে নষ্ট করা হয়েছে। অথচ সারা বছর দেশে যে পরিমাণ চামড়া সংগ্রহ হয় , তার পুরোটা সঠিকভাবে প্রক্রিয়াজাত করে রপ্তানি করা গেলে **১২** বিলিয়ন ডলার আয় সম্ভব। তবে বর্তমান সরকার সিইটিপির সব সংকট ও সমস্যা সমাধানে আন্তরিকভাবে কাজ করবে বলে ট্যানারি মালিকদের আশ্বস্ত করেন মন্ত্রী। মতবিনিময় সভায় শিল্প মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তা , বিসিক ও বিভিন্ন ট্যানারির মালিকেরা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ রুবাইয়া)

## ফেলে দেওয়া প্লাস্টিককে সম্পদে রূপ দিচ্ছে প্রাণ-আরএফএল

বাসার প্লাস্টিকের যে চেয়ারটি অনেক বছর ব্যবহারের পর ভেঙে গিয়েছিল, তা হয়ত বিক্রি করে দেওয়া হয়েছিল কোনো এক ভাঙারি ব্যবসায়ীর কাছে। এখন কয়েক হাত ঘুরে এর ঠাঁই হয়েছে প্রাণ -আরএফএল গ্রুপের হবিগঞ্জ ইন্ডাস্ট্রিয়াল পার্কের রিসাইক্লিং প্ল্যান্টে । যেখানে স্তূপ হয়ে আছে পলিথিন , বালতি, ড্রাম, বোতলসহ নানান ধরনের পুরোনো প্লাস্টিক। সাধারণ চোখে এগুলো বর্জ্য হলেও , এখানে তা পুনঃপ্রক্রিয়াজাত হয়ে ফিরে পাচ্ছে নতুন রূপ। রিসাইক্লিং প্ল্যান্টের বিশাল মেশিনের ভেতরে ফেলে চূর্ণ করা , পানি দিয়ে ধোয়া, শুকানো ও গলানোর বিভিন্ন ধাপ পেরিয়ে এসব প্লাস্টিক পরিণত হচ্ছে নতুন পণ্য তৈরির মূল কাঁচামালে। সেই কাঁচামাল দিয়েই আবার তৈরি হচ্ছে চেয়ার -টেবিল, ফুলের টব, ময়লার ঝুড়ি, মুরগির খামারের পাত্র, বাগানের জিনিসপত্রসহ শতাধিক সামগ্রী। হবিগঞ্জের শায়েস্তাগঞ্জ উপজেলায় দেশের শীর্ষস্থানীয় শিল্পপ্রতিষ্ঠান প্রাণ-আরএফএল গ্রুপ প্রতিষ্ঠিত ইন্ডাস্ট্রিয়াল পার্ক ঘুরে এই কর্মযজ্ঞ চোখে পড়ে। জানা গেছে, সেখানে কীভাবে প্লাস্টিক বর্জ্য পুনর্ব্যবহার করে ধীরে ধীরে গড়ে উঠছে এক সার্কুলার ইকোনমি বা বৃত্তাকার অর্থনীতি। এটি এমন এক ব্যবস্থা , যেখানে পণ্য ব্যবহারের পর বর্জ্য পুনঃপ্রক্রিয়াজাতের মাধ্যমে সম্পদে পরিণত করা হয়। ফলে পরিবেশ দূষণ কমে এবং হ্রাস পায় কার্বন নিঃসরণ। বর্তমানে প্রাণ -আরএফএল গ্রুপ প্রতি মাসে প্রায় পাঁচ হাজার ৭৫০ মেট্রিক টন প্লাস্টিক পুনর্ব্যবহার করছে, যা বছরে প্রায় ৬৯ হাজার মেট্রিক টনে পৌঁছাচ্ছে। এই পরিমাণ প্লাস্টিকের কাঁচামাল বিদেশ থেকে আমদানি করতে হলে বছরে ৪০০ কোটির বেশি টাকা ব্যয় হতো। এখন উৎপাদন ব্যয় কমছে। ফলে দেশীয় শিল্প প্রতিযোগিতায় টিকে থাকার সুযোগ পাচ্ছে বলে জানিয়েছেন প্রতিষ্ঠানটির কর্মকর্তারা। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ রুবাইয়া)

## পদ্মা ব্যারাজ; মিলবে ১১৩ মেগাওয়াট বিদ্যুৎ, উপকৃত হবে ১২০ উপজেলা

কয়েক দফা পেছানোর পর অবশেষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় চূড়ান্ত অনুমোদন পেল পদ্মা ব্যারাজ প্রকল্প। প্রকল্পের প্রথম ধাপে মোট প্রস্তাবিত ব্যয় ৩৩ হাজার ৪৭৪ কোটি ৪৫ লাখ টাকা। এ প্রকল্পের আওতায় রাজবাড়ী জেলার পাংশা পয়েন্টে ২ দশমিক ১ কিলোমিটার দীর্ঘ ব্যারাজ বা বাঁধ নির্মাণ করা হবে। বাঁধটি হবে ৫০ ফুট উঁচু। প্রকল্পের আওতায় শুষ্ক মৌসুমে প্রায় ২ হাজার ৯০০ মিলিয়ন ঘনমিটার পানি সংরক্ষণ করা সম্ভব হবে, যা হিসনা-মাথাভাঙ্গা, গড়াই-মধুমতী, চন্দনা-বারাশিয়া, ইছামতী ও বড়াল নদী ব্যবস্থায় প্রবাহ ফিরিয়ে আনবে। এই বাঁধে থাকবে ৭৮টি স্পিলওয়ে গেট (প্রতিটির প্রস্থ ১৮ মিটার), ১৮টি আন্ডার স্লুইসগেট, ১৪ মিটার প্রশস্ত একটি নেভিগেশন লক, দুটি ২০ মিটার প্রশস্ত ফিস পাস এবং ব্যারাজের ওপর দিয়ে যাবে একটি রেলওয়ে সেতু। পাশা পাশি, প্রায় **১১৩** মেগাওয়াট জলবিদ্যুৎ উৎপাদনের ব্যবস্থাও রাখা হয়েছে। পরিকল্পনা কমিশন জানায় , দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের নদী, কৃষি ও জীববৈচিত্র্য রক্ষায় দীর্ঘদিনের সংকট নিরসনে বড়ো উদ্যোগ নিতে যাচ্ছে সরকার। এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে শুষ্ক মৌসুমে পদ্মা নদীর পানি সংরক্ষণ ও নিয়ন্ত্রণ করে স্বাদু পানির প্রবাহ ফিরিয়ে আনার পরিকল্পনা করা হয়েছে। জুলাই ২০২৬ থেকে জুন ২০৩৩ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়ন করা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৫.২০২৬ রিহাব)

## রাজনৈতিক প্রভাবে শিক্ষাপ্রতিষ্ঠানের মান নষ্ট হয়: আমির খসরু

শিক্ষাপ্রতিষ্ঠানে রাজনৈতিক হস্তক্ষেপের সমালোচনা করে অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, রাজনৈতিক প্রভাবের কারণে দেশের অনেক প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়েছে। যোগ্যতা ছাড়া কাউকে ভর্তি করানো যাবে না। শনিবার (১৬ মে) সকালে চট্টগ্রাম মা ও শিশু মেডিকেল কলেজ হা সপাতালের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন , রাজনৈতিকভাবে ভর্তি হলে প্রতিষ্ঠানের মান নষ্ট হয়। তিনি মেডিকেল শিক্ষার মান ধরে রাখতে শিক্ষক -শিক্ষার্থী অনুপাত, পর্যাপ্ত ফ্যাকাল্টি ও অবকাঠামো নিশ্চিত না করে

আসন সংখ্যা না বাড়ানোর আহ্বান জানান। স্বাস্থ্য খাতে বরাদ্দ বাড়ানোর পাশাপাশি এর সঠিক ব্যবহার নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করে আমির খসরু বলেন , অতীতে দুর্নীতির কারণে স্বাস্থ্য খাতের বিপুল অর্থ অপচয় হয়েছে। আগামী বাজেটে স্বাস্থ্য খাতে বরাদ্দ উল্লেখযোগ্যভা বে বাড়ানো হবে বলে জানান তিনি। মন্ত্রী বলেন , সর্বজনীন স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে দরিদ্র জনগোষ্ঠীর চিকিৎসা ব্যয় সরকার বহন করবে। এ জন্য বেসরকারি হাসপাতালের সঙ্গে সমন্বয়ের উদ্যোগ নেওয়া হচ্ছে। সরকারি হাসপাতালের সীমাবদ্ধতার কারণে দরিদ্র রোগীদের চিকিৎসাসেবায় চুক্তিভিত্তিক ব্যবস্থার আওতায় বেসরকারি হাসপাতাল যুক্ত করা হবে। সেখানে চিকিৎসা নিলে রোগীদের বিল সরকার পরিশোধ করবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৫.২০২৬ রিহাব)

## বাংলাদেশের স্বার্থ রক্ষা করেই ফারাক্কা ব্যারাজ চুক্তি নবায়ন করা হবে

দেশের জাতীয় স্বার্থকে বিনষ্ট করে সরকার কোনো চুক্তি করবে না বলে মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব ও স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন , "ভারতের সঙ্গে বাংলাদেশের সুসম্পর্ক বজায় থাকবে কিনা, তা ফারাক্কা চুক্তি সম্পাদনের মধ্যদিয়েই নির্ভর করবে। বাংলাদেশের স্বার্থ সবার আগে দেখবে সরকার, ইনশাল্লাহ।„ শনিবার (১৬ মে) ফারাক্কা লং মার্চ দিবস উপলক্ষ্যে রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে বিএনপি আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বিএনপি মহাসচিব বলেন , চলতি বছর চুক্তি শেষে ফারাক্কা চুক্তি নবায়নে ভার তকে এগিয়ে আসতে হবে। তবে , বাংলাদেশের স্বার্থ রক্ষা করেই ফারাক্কা ব্যারাজ চুক্তি নবায়ন করা হবে। পদ্মা ব্যারাজ নির্মাণের সিদ্ধান্ত একটি ঐতিহাসিক সিদ্ধান্ত বলে মন্তব্য করেন মির্জা ফখরুল। তিনি বলেন, বাংলাদেশের জনগণের অভিপ্রায় ও জাতীয় স্বার্থকে গুরুত্ব দিয়েই ফারাক্কা ইস্যুর সমাধানে আলোচনা ও চুক্তি হতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৫.২০২৬ রিহাব)

## শরীয়তপুরে চিকিৎসকের ওপর হামলার ঘটনায় বিএনপির উদ্বেগ

শরীয়তপুর সদর হাসপাতালে কর্মরত ৪৮তম বিসিএসের চিকিৎসক ডা. নাসিরের ওপর হামলার ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করেছেন বিএনপির স্বাস্থ্যবিষয়ক সম্পাদক অধ্যাপক ডা . রফিকুল ইসলাম। শনিবার (১৬ মে) গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে তিনি বলেন , হৃদ্‌রোগে আক্রান্ত এক রোগীর মৃত্যুকে কেন্দ্র করে দায়িত্ব পালনরত একজন চিকিৎসকের ওপর এমন ন্যক্কারজনক হামলা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। বিবৃতিতে রফিকুল ই সলাম বলেন , চিকিৎসাসেবা অত্যন্ত সংবেদনশীল ও মানবিক পেশা। সীমিত জনবল , অবকাঠামোগত সংকট এবং অতিরিক্ত কর্মচাপের মধ্যেও চিকিৎসকেরা মানুষের জীবন রক্ষায় নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। সেই দায়িত্ব পালন করতে গিয়ে যদি চিকিৎসকদের শারীরিকভাবে লাঞ্ছিত ও আক্রান্ত হতে হয় , তবে তা শুধু একজন চিকিৎসকের ওপর হামলা নয়, বরং সমগ্র স্বাস্থ্যব্যবস্থার ওপর আঘাত। তিনি বলেন , দেশের বিভিন্ন হাসপাতালে অতীতেও বহুবার চিকিৎসক , নার্স ও স্বাস্থ্যকর্মীদের ওপর হামলার ঘটনা ঘটেছে। অধিকাংশ ক্ষেত্রেই এসব ঘটনার সুষ্ঠু বিচার না হওয়ায় এক ধরনের দণ্ড মুক্তির সংস্কৃতি তৈরি হয়েছে , যা ভবিষ্যতে আরও ভয়াবহ পরিস্থিতির জন্ম দিতে পারে। হাসপাতাল কখনোই সহিংসতার স্থান হতে পারে না বলেও মন্তব্য করেন তিনি। বিএনপির এই নেতা অবিলম্বে হামলার সঙ্গে জড়িতদের চিহ্নিত করে দ্রুত আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান। একইসঙ্গে , আহত চিকিৎসকের সুচিকিৎসা ও নিরাপত্তা নিশ্চিত করার আহ্বান জানান তিনি। মানুষের জীবন বাঁচাতে নিয়োজিত চিকিৎসকদের নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব। চিকিৎসকদের ওপর হামলা বন্ধ না হলে স্বাস্থ্যখাতে বিরূপ প্রভাব পড়বে এবং শেষ পর্যন্ত সাধারণ মানুষই ক্ষতিগ্রস্ত হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৫.২০২৬ রিহাব)

## হামের উপসর্গে আরও ২ শিশুর মৃত্যু, দুজনই সিলেটের

সারা দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে দু-জন মারা গেছেন। দু-জনই সিলেট বিভাগের। তবে এ সময় নিশ্চিত হামে আক্রান্ত হয়ে কারও মৃত্যুর তথ্য দিতে পারেনি স্বাস্থ্য অধিদপ্তর। শনিবার (১৬ মে) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী , গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ৭৪ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে সন্দেহভাজন হামজনিত মৃত্যু র সংখ্যা ৩৭৯ জন। ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন ৭ হাজার ৫২৪ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৫৬ হাজার ৫১২ জন। এখন পর্যন্ত হাম সন্দেহে হাসপাতালে ভর্তি হয়েছেন ৪১ হাজার ২৮ জন এবং সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন ৩৬ হাজার ৬৪৫ জন।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৫.২০২৬ রিহাব)

## ফারাক্কা বাঁধ পুরো অঞ্চলের ওপর বিরূপ প্রভাব ফেলেছে: রিজভী

ফারাক্কা বাঁধ শুধু বাংলাদেশ নয় , পুরো অঞ্চলের ওপর বিরূপ প্রভাব ফেলেছে বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা রুহুল কবির রিজভী। ফারাক্কা ইস্যুতে বাংলাদেশের সঙ্গে প্রতিবেশী দেশের সম্পর্কের প্রশ্নও উঠে আসে বলে জানান তিনি। শনিবার (১৬ মে) ফারাক্কা লংমার্চ দিবস উপলক্ষ্যে রাজধানীর

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে বিএনপি আয়োজিত `ঐতিহাসিক ফারাক্কা লংমার্চ, শীর্ষক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। রিজভী বলেন , ফারাক্কা লংমার্চ দিবসকে বারবার স্মরণে রাখতে হবে , না হলে নতুন প্রজন্ম এই ইতিহাস ভুলে যাবে। আমরা আস্তে আস্তে ভুলে যাচ্ছি। আমরা ভুলে যাচ্ছি বলেই নতুন প্রজন্মও হয়ত কিছুদিন পর জানবে না। তাই এটি তুলে ধরা দরকার। প্র ধানমন্ত্রীর এই উপদেষ্টা বলেন , এবার বড়ো পরিসরে আলোচনা সভার আয়োজন করা হয়েছে , যেখানে বিশেষজ্ঞ ও রিসোর্স পারসনদের নিয়ে বিষয়টি আলোচনা করা হচ্ছে , যেন দলীয় নেতা-কর্মীরা ইতিহাস ও বাস্তবতা সম্পর্কে জানতে পারেন। শুধু আলোচনা নয় , জাতীয়তাবাদী রাজনীতির সঙ্গে যারা আছেন, তাদের বোঝা দরকার, আমরা কোথায় আছি এবং কী পরিস্থিতির মধ্যে আছি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৫.২০২৬ রিহাব)

## রেডিও টুডে

### শাহরাস্তির খোর্দ্দ খাল পুনঃখনন কর্মসূচির উদ্বোধন প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী তারেক রহমান চাঁদপুরের শাহরাস্তি উপজেলায় খোর্দ্দ খাল পুনঃখনন কর্ম সূচির উদ্‌বোধন করেছেন। তিনি আজ দুপুরে শাহরাস্তি উপজেলার টামটা দক্ষিণ ইউনিয়নের উয়ারুক বাজারের `খোর্দ্দ খাল, পুনঃখনন স্থলে পৌঁছে ফলক উন্মোচন করে এ কর্মসূচির উদ্‌বোধন করেন। ফলক উন্মোচনের পরে খালের পাড়ে নেমে নিজের হাতে কোদাল দিয়ে মাটি কাটেন প্রধানমন্ত্রী। পরে তিনি খালের পাড়ে বৃক্ষরোপণ করেন। এ সময় দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রী আসাদুল হাবিব দুলু, স্থানীয় সংসদ সদস্য মোমিনুল হক, জেলা সদস্য সচিব সলিম উল্যা সেলিম , শাহরাস্তি উপজেলা সভাপতি আয়াত আলী ভুঁইয়া, সহ-সভাপতি আবু ইউসুফ রুপম উপস্থিত ছিলেন। শ হিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ১৯৭৮ সালে এই খোর্দ্দ খাল খনন করেছিলেন। ৪৮ বছর পর সেই খাল পুনঃখনন করলেন তার ছেলে তারেক রহমান। খোর্দ্দ খাল পুনঃখননের কাজ উদ্‌বোধন শেষে পাশে তৈরি মঞ্চে ওঠেন প্রধানমন্ত্রী। খালের দুই পাশে কয়েক হাজার নেতা - কর্মী-সমর্থকরা তুমুল স্লোগান ও করতালি দিয়ে প্রধানমন্ত্রীকে স্বাগত জানায়। প্রধানমন্ত্রী এরপর সদর উপজেলার শাহ মাহমুদপুর ইউনিয়নের কুমারডুলি গ্রামের ঘোষের হাট সংলগ্ন `বিশ্বখাল, পুনঃখনন কর্মসূচিরও উদ্‌বোধন করবেন । বিশ্ব খালটি ডাকাতিয়া নদী থেকে ঘোষের হাট হয়ে মতলব দক্ষিণ সীমানা পর্যন্ত দীর্ঘ একটি খাল।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ এলিনা)

### ১৭ বছর দেশে ভোটের অধিকার ছিল না: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন , ”১৭ বছর দেশের জনগণের ভোটের অধিকার ছিল না। সরকারের বিরুদ্ধে কথা বললে মিথ্যা মামলা দেওয়া হতো , মামলা করা হতো। দেশ স্বৈরাচারের কবলে পড়েছিল , ছিল হত্যা ও গুম। তারা দেশের অর্থ লুট করে বিদেশে পাচার করেছে। ২০২৪ সালে জুলাই আন্দোলনের মাধ্যমে বুকের রক্ত দিয়ে দেশের মানুষ গণতন্ত্র উদ্ধার করেছে। „ শনিবার (১৬ মে) দুপুরে কুমিল্লার বরুড়া উপজেলার লক্ষ্মীপুর বাজার খেলার মাঠে আয়োজিত পথসভায় বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, ”নির্বাচনের আগে আমরা খাল খনন , কৃষক কার্ড, ফ্যামিলি কার্ড ও ঈমাম মুয়াজ্জিনদের সম্মানীর ওয়াদা দিয়েছিলাম। আমরা ওয়াদা রেখেছি। বিএনপি ক্ষমতায় যাওয়ার ১০ দিনের মধ্যে ১২ লাখ কৃষকের ১০ হাজার টাকা করে কৃষি ঋণ মওকুফ করা হয়েছে। „ তিনি বলেন , ”দেশকে পুনঃগঠন করতে হলে কাজ করতে হবে। নারীদের স্বাবলম্বী করতে হবে। তা শিক্ষায় হোক কিংবা অর্থনৈতিক। দেশের উন্নয়নে নারী, পুরুষ সবাইকে স্বাবলম্বী করতে হতে হবে। বেকার সমস্যা দূর করতে কাজ করতে হবে। তারেক রহমান বলেন , ”জনগণ দেশের মালিক। জনগণ বিএনপিকে দেশের দায়িত্ব দিয়েছে ন। বিএনপি অতীতেও চেষ্টা করেছে সব প্রতিশ্রুতির বাস্তবায়ন করতে। এবারের নির্বাচনেও আমরা যে -সব প্রতিশ্রুতি দিয়েছি তা পর্যায়ক্রমে বাস্তবায়ন করছি। „ গণপূর্তমন্ত্রী ও কুমিল্লা দক্ষিণ জেলা বিএনপির সভাপতি জাকারিয়া তাহের সুমনের সভাপতিত্বে সভায় কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী আমিন উর রশিদ ইয়াছিন , বিএনপির কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক অধ্যক্ষ সেলিম ভুঁইয়া, সহ-সাংগঠনিক সম্পাদক ও কুমিল্লা জেলা পরিষদ চেয়ারম্যান মো . মোস্তাক মিয়া, কুমিল্লা মহানগর বিএনপির সাধারণ সম্পাদক ও কুমিল্লা সিটি করপোরেশনের প্রশাসক ইউসুফ মোল্লা টিপু , দক্ষিণ জেলা বিএনপির সাধারণ সম্পাদক আশিকুর রহমান মাহমুদ ওয়াসিম , সহ-সভাপতি আমিরুজ্জামান আমির , মহানগর বিএনপির সভাপতি উৎবাতুল বারী আবু প্রমুখ উপস্থিত ছিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ এলিনা)

### একটি মহল রাজনীতির নামে বিভ্রান্তি ছড়াচ্ছে, সতর্ক থাকুন : প্রধানমন্ত্রী

জনগণের প্রতি আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন , ”দেশে একটি মহল রাজনীতির নামে বিভ্রান্তি ছড়াচ্ছে, সতর্ক থাকুন। „ আজ শনিবার বিকালে চাঁদপুর সরকারি কলেজ মাঠে ফ্যামিলি কার্ড বিতরণ কর্মসূচির উদ্‌বোধনী অনুষ্ঠান শেষে প্রধানমন্ত্রী এই আহ্বান জানান। বিএনপির দেশের মানুষের ভাগ্যের পরিবর্তনের রাজনীতি করে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন , ”বিএনপির রাজনীতি মানে খাল খনন , কৃষির উৎপাদন বৃদ্ধি, নতুন মিল কারখানা তৈরি, মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা করা , স্বাস্থ্যের ব্যবস্থা করা , মানুষের নিরাপত্তা নিশ্চিত করা। „ উপস্থিত

জনসাধারণের উদ্দেশ্য প্রধানমন্ত্রী বলেন , "রাজনীতির নামে যদি কেউ বিভ্রান্তি সৃষ্টি করতে চায় , রাজনীতির নামে যদি কেউ অরাজকতা সৃষ্টি করতে চায় , আপনারা কি বসে থাকবেন ? আমরা কেউ বসে থাকবো না। শক্ত হাতে প্রতিহত করবো।„ সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে ফ্যামিলি কার্ড বিতরণের এই অনুষ্ঠান হয়। চাঁদপুর ছাড়াও আরও ২০টি জেলায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে ফ্যামিলি কার্ড বিতরণের এই কর্মসূচির উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। অনুষ্ঠানের শুরুতে কোরআন তেলওয়াত, জাতীয় সংগীত ও পরে দলীয় সংগীত পরিবেশন করা হয়
(রেডিও টুডে ওয়েব পেজ:১৬.০৫.২০২৬ আসাদ)

## কুমিল্লাকে বিভাগ ঘোষণা জনগণের দাবি হলে তা বাস্তবায়ন করা হবে: প্রধানমন্ত্রী

কুমিল্লাকে বিভাগ ঘোষণা করা যদি জনগণের দাবি হয়ে থাকে , তবে তা বাস্তবায়ন করা হবে বলে আশ্বস্ত করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন , বিএনপি জনগণের কাছে যে ওয়াদা দেয়, সরকারে এলে সেই ওয়াদা পূরণ করে। আজ শনিবার (১৬ মে) দুপুরে কুমিল্লার বরুড়া উপজেলার লক্ষ্মীপুর বাজার মাঠে আয়োজিত এক পথসভায় দেওয়া বক্তব্যে এ কথা বলেন প্রধানমন্ত্রী। এসময় স্থানীয় জনপ্রতিনিধিরা তাদের দীর্ঘদিনের তিনটি প্রধান দাবি প্রধানমন্ত্রীর কাছে তুলে ধরেন, যার মধ্যে অন্যতম ছিল কুমিল্লাকে বিভাগ ঘোষণা এবং একটি কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা। এসময় তিনি কুমিল্লায় একটি কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিষয়েও ইতিবাচক আশ্বাস দেন। জনপ্রতিনিধি ও স্থানীয় জনগণের এ দাবির পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, "কুমিল্লাকে বিভাগ ঘোষণা করা যদি জনগণের দাবি হয়ে থাকে, তবে তা বাস্তবায়ন করা হবে। „ বক্তব্যের শুরুতে প্রধানমন্ত্রী তার সরকারের নানা উন্নয়ন ও কল্যাণমুখী পদক্ষেপের কথা উল্লেখ করে বলেন , "বিএনপির নির্বাচনি প্রতিশ্রুতি অনুযায়ী এরই মধ্যে খাল খনন , ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ড বিতরণ এবং ইমাম -পুরোহিতদের সম্মানী দেওয়া শুরু হয়েছে। বিএনপি যে ওয়াদা দেয় , সরকারে এলে সেই ওয়াদা পূরণ করে। „ প্রধানমন্ত্রী আরও বলেন , "সবাই যাতে স্বাবলম্বী হতে পারে , সে জন্য প্রত্যেকে নিজ নিজ জায়গা থেকে তা নিশ্চিত করতে হবে। জনগণই দেশের মালিক ; মালিক যখন দায়িত্ব নেয় , তখনই দেশ এগিয়ে যায়।„(রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ এলিনা)

## দেশপ্রেমিক ও বিশেষজ্ঞদের নিয়ে রাষ্ট্র মেরামত করা হবে: তথ্যমন্ত্রী

তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, বর্তমান সরকার রাষ্ট্র ও সমাজকে নতুন করে মেরামত করতে চায়। আর সেই কার্যক্রমের প্রতিটি পর্বে সংশ্লিষ্ট দেশ প্রেমিকদের সঙ্গে নিয়ে জাতীয় ঐ কমত্যের ভিত্তিতেই করণীয় নির্ধারণ করা হবে। তিনি আরও বলেন , আমরা কেবল ক্ষমতায় যাওয়ার জন্য এই পরিবর্তনের কথা বলছি না , রাষ্ট্র ও সমাজ ব্যবস্থার গুণগত পরিবর্তনের জন্যই এই উদ্যোগ নেওয়া হচ্ছে । আজ (শনিবার) সকালে রাজধানীর আগারগাঁওয়ে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ মিলনায়তনে `বাংলাদেশ ফেডারেশন অব ফিল্ম সোসাইটিজ , আয়োজিত `জাতীয় চলচ্চিত্র সংসদ সম্মেলন -২০২৬,-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তথ্যমন্ত্রী বলেন , মাতৃভূমির ৫৫ বছরের ইতিহাসে আমরা যেমন গৌরবগাঁ থা দেখেছি, তেমনি বিপর্যয়ও দেখেছি। গৌরব ও দুঃসময়ের সেসব অভিজ্ঞতা থেকে অর্জিত প্রজ্ঞা দিয়েই আমরা বিশেষজ্ঞদের জ্ঞানের সঙ্গে একটা সংযোগ তৈরি করতে চাই। তিনি বলেন, "আমরা জানি, চলচ্চিত্রসহ সংশ্লিষ্ট সকল ক্ষেত্রের বিশেষজ্ঞদের সঙ্গে কার্যক র মতবিনিময় এবং চিন্তার সংযোগ ঘটাতে না পারলে গুণগত মানের উৎপাদন নিশ্চিত করা সম্ভব নয়। „ চলচ্চিত্রকে সমাজ পরিবর্তনের এক শক্তিশালী মাধ্যম হিসেবে উল্লেখ করেন জহির উদ্দিন স্বপন। মন্ত্রী বলেন , যারা বিত্তবান হওয়ার স্বপ্ন বাদ দিয়ে কেবল প্যাশন , দেশপ্রেম ও মানবকল্যাণে র তাগিদে চলচ্চিত্র আন্দোলনের সঙ্গে যুক্ত হয়েছেন , রাষ্ট্রকে তাদের পাশে দাঁড়াতে হবে। সমাজ ও সভ্যতার বিকাশে এই `সফট পাওয়ার, বা মেধার শক্তি অত্যন্ত জরুরি। তিনি বলেন , রাষ্ট্র ও আইনের বিধি -বিধানের মধ্যে থেকে চলচ্চিত্র কর্মীদের জন্য সর্বোচ্চ সুযোগ উন্মুক্ত করতে সরকার আন্তরিকভাবে কাজ করবে। তথ্যমন্ত্রী বলেন, অতীতে চমৎকার সব শব্দের আড়ালে চলচ্চিত্র মাধ্যমকে নির্দিষ্ট গোষ্ঠীর প্রোপাগা ণ্ডা মেশিন বানানোর করুণ অভিজ্ঞতা আমাদের আছে। কিন্তু যারা কোনো গোষ্ঠীর বা মতবাদের দাস , তাদের পক্ষে মুক্ত চিন্তা করা সম্ভব নয়। তিনি চলচ্চি ত্র সংসদ আন্দোলনকে কোনো বিশেষ নেপথ্য রিমোট কন্ট্রোলের হাতিয়ার না বানিয়ে , সমাজ পরিবর্তনের প্রকৃত স্বাধীন ও মুক্ত চিন্তার আন্দোলনে রূপান্তরিত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান। চলচ্চিত্র সংসদ আন্দোলনে অসামান্য অবদানের জন্য অনুষ্ঠানে বিশিষ্ট শিল্প সমা লোচক ও চলচ্চিত্র বোদ্ধা মঈনুদ্দিন খালেদকে আজীবন সম্মাননা দেওয়া হয়। বাংলাদেশ ফেডারেশন অব ফিল্ম সোসাইটিজ -এর সভাপতি ড. জহিরুল ইসলাম কচির সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে দেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক ম . জাভেদ ইকবাল। এছাড়া, দেশের বিভিন্ন চলচ্চিত্র সংসদের প্রতিনিধি, চলচ্চিত্র নির্মাতা ও গবেষকরাও সম্মেলনে অংশ নেন।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ এলিনা)

## আমার মেয়ে কাউকে কষ্ট দিয়ে থাকলে ক্ষমা করে দেবেন: কায়সার হামিদ

কনটেন্ট ক্রিয়েটর ও অভিনেত্রী কারিনা কায়সার মারা গেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন )। লিভার-সংক্রান্ত জটিলতায় উন্নত চিকিৎসার জন্য ভারতের চেন্নাইয়ে নেওয়ার পর শুক্রবার (১৫ মে) রাতে সেখানে চিকিৎসাধীন

অবস্থায় তিনি মারা যান। রাত দেড়টায় কায়সার হামিদ জানান , আদরের মেয়ে কারিনা কায়সার একটু আগে চেন্নাইতে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছে ন। ফেসবুক পোস্টে তিনি লিখেছেন , অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে , আমার প্রাণপ্রিয় আদরের মেয়ে কারিনা কায়সার একটু আগে চেন্নাইতে চিকিৎসাধীন অবস্থায় আমাদের ছেড়ে ওপারে চলে গেছে। আমার মেয়ের কোনো ভুলত্রুটি হয়ে থাকলে কিংবা কাউকে কষ্ট দিয়ে থাকলে , আপনারা তাকে ক্ষমা ক রে দেবেন। তিনি আরো লিখেছেন , যারা এই দুঃসময়ে আমাদের পাশে ছিলেন , দোয়া করেছেন, সহযোগিতা করেছেন, তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। দোয়া করবেন সবাই, আল্লাহ তাকে বেহেশত নসিব করেন।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ এলিনা)

## বাংলাদেশকে জেএফ-১৭ যুদ্ধবিমানের সিমুলেটর হস্তান্তর পাকিস্তানের

বাংলাদেশকে পাকিস্তান তাদের সেরা যুদ্ধবিমান `জেএফ-১৭ থান্ডার ব্লক ৩, সিমুলেটর হস্তান্তর করেছে। এটিকে দক্ষিণ এশিয়ার সামরিক ভারসাম্যে একটি বড়ো ধরনের পরিবর্তনের সংকেত বলে ধার ণা করছেন সামরিক বিশ্লেষকরা। ডিফেন্স সিকিউরিটি এশিয়ার এক প্রতিবে দন অনুযায়ী, এটিকে কেবল একটি সাধারণ উপহার হিসেবে দেখার সুযোগ নেই, বরং এটি হতে পারে দুই দেশের মধ্যে বিমান ক্রয়ের চূড়ান্ত চুক্তির আগের একটি বড়ো প্রস্তুতিমূলক পদক্ষেপ। ২০২৬ সালের মে মাসে ঢাকায় অনুষ্ঠিত দুই দেশের বিমান বাহিনীর প্রথম আনুষ্ঠানিক `এয়ার স্টাফ টকস'-এ পাকিস্তানের একটি উচ্চপর্যায়ের প্রতিনিধি দল অংশ নেয় , যার পরই এই সিমুলেটরের বিষয়টি সামনে আসে। এই পদক্ষেপের মাধ্যমে যুদ্ধবিমান আসার আগেই চালকদের দক্ষতা ও প্রাতিষ্ঠানিক কাঠামো তৈরি হবে , যা আগামীতে সম্ভাব্য যুদ্ধবিমান ক্রয় চুক্তির পথকে আরও মসৃণ করবে। ঢাকায় অনুষ্ঠিত দুই দেশের বিমান বাহিনীর প্রথম আনুষ্ঠানিক বৈঠকে পাকিস্তানের প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন দেশটির এয়ার ভাইস মার্শাল আওরঙ্গজেব আহমেদ। তিনি বর্তমানে অপারেশনাল ডেপুটি চিফ অব এয়ার স্টাফ , `কমান্ডার স্ট্রাটেজিক কমান্ড, এবং ডিরেক্টর জেনারেল পাবলি ক রিলেশনস হিসেবে দায়িত্ব পালন করছেন। এই প্রতিনিধি দলে আরও অন্তর্ভুক্ত ছিলেন এয়ার কমান্ডার শাহ খালিদ , এয়ার কমান্ডার আব্দুল গফুর বাজদুর , গ্রুপ ক্যাপ্টেন মাহমুদ আলী খান এবং উইং কমান্ডার হাসান তারিক আজিজ। উচ্চপর্যায়ের এই কর্মকর্তাদের উপস্থিতি ও প্রতিনিধি দ লের গঠন কাঠামো দেখেই সামরিক বিশেষজ্ঞরা স্পষ্ট বুঝতে পারছেন যে , এই সফরটি কেবল কোনো আনুষ্ঠানিক বা সৌজন্যমূলক সাক্ষাৎ ছিল না। এর পেছনে সুনির্দিষ্ট প্রাতিষ্ঠানিক, বাণিজ্যিক ও কৌশলগত সামরিক উদ্দেশ্য জড়িত ছিল। উক্ত বৈঠকে পাকিস্তান বিমান বা হিনীর কর্মকর্তারা জেএফ-১৭ ব্লক-৩ বিমানের বহুমুখী যুদ্ধ সক্ষমতার বিষয়টি বিশেষভাবে তুলে ধরেন। বিশেষ করে , ২০২৫ সালের মে মাসে ভারত ও পাকিস্তানের মধ্যে তৈরি হওয়া যুদ্ধকালীন পরিস্থিতিতে রাফাল বিমানের তুলনায় জেএফ -১৭-এর কার্যকারিতা কেমন ছিল , সেই তুলনামূলক চিত্রও তারা বাংলাদেশের সামনে উপস্থাপন করেছেন বলে জানা গেছে। সামরিক ক্ষেত্রে এই ধরনের প্রচারণার একটি বড়ো কৌশলগত ও ভূ -রাজনৈতিক গুরুত্ব রয়েছে। এই ধরনের রপ্তানি উদ্যোগের মাধ্যমে পাকিস্তান একই সাথে নিজেদের বাণিজ্যিক লক্ষ্য পূরণ করতে চাচ্ছে এবং অন্যদিকে আঞ্চলিক প্রতিদ্বন্দ্বী ও পর্যবেক্ষকদের কাছে একটি বড়ো কৌশলগত বার্তা পৌঁছে দিচ্ছে।

পাকিস্তান যে সিমুলেটরটি বাংলাদেশে পাঠিয়েছে , সেটি সাধারণ বা প্রাথমিক স্তরের কোনো প্রশিক্ষণ ব্যবস্থা নয় , বরং সম্পূর্ণ যুদ্ধকালীন মান বজায় রেখে তৈরি একটি পূর্ণাঙ্গ জেএফ -১৭ থান্ডার ব্লক-৩ সিমুলেটর। এই সিস্টেমটির মাধ্যমে পাইলটরা আসল যুদ্ধবিমানে ওঠার আগেই যে -কোনো মিশন বা অভিযানের বাস্তবসম্মত মহড়া দিতে পারবেন। এটি মূলত আধুনিক যুদ্ধবিমানের সাথে পাইলটদের মানিয়ে নেওয়া , জটিল রণকৌশল রপ্ত করা এবং বিমান বাহিনীর সার্বিক সক্ষমতা বৃদ্ধির কথা মাথায় রেখে তৈরি করা হয়েছে। যে-কোনো দেশ যখন নতুন যুদ্ধবিমান কেনার সিদ্ধান্ত নেয়, তখন পাইলটদের নতুন বিমানের জন্য দক্ষ করে তুলতে সবচেয়ে বেশি সময় লাগে। এই কারণেই সিমুলেটর হস্তান্তরের বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ কৌশলগত তাৎপর্য বহন করে। বিমানগুলো সশরীরে বিমান বাহিনীতে যুক্ত হওয়ার আগে ই, এই সিমুলেটরের সাহায্যে পাইলটরা এর ভেতরের পুরো পরিচালনা পদ্ধতি এবং নিয়ন্ত্রণ ব্যবস্থার সাথে পুরোপুরি পরিচিত হতে পারবেন। এই আগাম প্রস্তুতির ফলে পরবর্তীতে মূল ফাইটার জেটগুলো যখন স্কোয়াড্রনে যুক্ত হবে, তখন আর পাইলটদের নতুন করে তৈরি করার বাড়তি কোনো সময় লা গবে না। এর পাশাপাশি , এই সিমুলেটরের মাধ্যমে বিমানের রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকা প্রকৌশলী এবং টেকনিশিয়ানরাও এই যুদ্ধবিমানের অভ্যন্তরীণ সিস্টেম সম্পর্কে বাস্তব ধারণা পেয়ে যাবেন। ফলে পরবর্তীতে বিমান বহরে নতুন ফাইটার জেট যুক্ত হওয়ার পর প্রাতিষ্ঠানিক কাজের ক্ষেত্রে কোনো ধরনের বাড়তি জটিলতা বা ধীরগতি তৈরি হবে না। আধুনিক সামরিক বাহিনীগুলো এখন যুদ্ধবিমান ক্রয়ের ক্ষেত্রে এই ধরনের সিমুলেটর সিস্টেমকে অনেক বেশি গুরুত্ব দিয়ে থাকে। কারণ একটি উন্নত প্রযুক্তির যুদ্ধবিমান সফলভাবে পরিচালনার জন্য পাইলট , প্রকৌশলী এবং মাঠ পর্যায়ের সহায়ক অবকাঠামো - সবার সমান এবং সমন্বিত প্রস্তুতি থাকা জরুরি। একটি আধুনিক যুদ্ধবিমান বিমান বহরে যুক্ত করার জন্য কেবল বিমানটি কিনলেই চলে না , এর সাথে রক্ষণাবেক্ষণ নীতি এবং মানবসম্পদকে দক্ষ করে তোলার মতো বিশাল লজিস্টিকস প্রক্রিয়া জড়িত থাকে। সেই দিক থেকে বিবেচনা করলে , এই সিমুলেটর হস্তান্তর প্রক্রিয়াটি জটিল ও বহুমুখী যুদ্ধবিমান ক্রয়ের চূড়ান্ত আলোচনার

একটি স্বাভাবিক ও অন্যতম প্রধান ধাপ। ফলে , এই সিমুলেটরটিকে কেবল একটি বিচ্ছিন্ন সামরিক অনুদান হিসেবে দেখার সুযোগ নেই। বরং এটি হতে পারে বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে আগামীতে হতে যাওয়া একটি সম্ভাব্য যুদ্ধবিমান ক্রয় চুক্তির সবচেয়ে প্রাথমিক এবং কার্যকরী একটি ধাপ।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ এলিনা)

## প্রধানমন্ত্রীর বক্তব্য খণ্ডিতভাবে প্রচার করে বিভ্রান্তি ছড়ানো হয়েছে: ফ্যাক্ট ওয়াচ

প্রধানমন্ত্রী তারেক রহমানের বক্তব্য খণ্ডিতভাবে প্রচার করে বিভ্রান্তি ছড়ানোর অপচেষ্টা শনাক্ত করেছে ফ্যাক্ট ওয়াচ। ফ্যাক্ট ওয়াচ জানায়, কর্ণফুলি টানেল সম্পর্কে নয়, প্রধানমন্ত্রী তারেক রহমান মূলত টানেলের ওপারে নির্মিত 'খুব স্ট্যান্ডার্ড ও বেশ বিলাসবহুল, অ্যাপার্টমেন্ট বা ভবন নিয়ে মন্তব্য করেছিলেন। ফ্যাক্ট ওয়াচের ভাষ্য অনুযায়ী, প্রধানমন্ত্রী বলেছিলেন, 'টানেলের ওপারে খুব স্ট্যান্ডার্ড, বেশ লাক্সারিয়াস অ্যাপার্টমেন্ট বা ভবন নির্মাণ করা হয়েছে, যার কোনো প্রয়োজন ছিল না। সেখানে কয়েকশ কোটি টাকা ব্যয় হয়েছে। , ফ্যাক্ট ওয়াচ অনুসন্ধান টিম জানায় , জাতীয় ও চট্টগ্রামের স্থানীয় কয়েকটি সংবাদমাধ্যমের ফটোকার্ডসহ বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যম অ্যাকাউন্টে বক্তব্যটি খণ্ডিতভাবে প্রচার করা হচ্ছে। ফ্যাক্ট-চেকিং প্রতিষ্ঠানগুলো বলছে, চব্বিশের গণ-অভ্যুত্থানের পর দেশ-বিদেশের বিভিন্ন গণমাধ্যম, সামাজিক যোগাযোগমাধ্যম অ্যাকাউন্ট এবং কিছু ফেসবুক পেজ থেকে বাংলাদেশকে ঘিরে ভুয়া তথ্য ছড়ানোর প্রবণতা বেড়েছে। বিশেষ করে সরকার গঠনের পর বিএনপিকে লক্ষ্য করে এসব অপতথ্য ছড়ানো হচ্ছে। দেশে চলমান গুজব ও ভুয়া তথ্য প্রতিরোধে কাজ করছে ফ্যাক্ট ওয়াচ। প্রতিষ্ঠানটি ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ (ইউল্যাব) অনুমোদিত এবং সেন্টার ফর ক্রিটিক্যাল অ্যান্ড কোয়ালিটেটিভ স্টাডিজ (সিকিউএস) পরিচালিত একটি স্বাধীন ফ্যাক্ট-চেকিং সংস্থা। সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে ভুয়া ভিডিও, বিভ্রান্তিকর তথ্য ও গুজব ছড়িয়ে পড়ার ঘটনা বেড়েছে। ফ্যাক্ট ওয়াচ নিয়মিত এসব তথ্য যাচাই করে সত্য তুলে ধরছে এবং গুজব প্রতিরোধে কাজ করছে। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ এলিনা)

## দাবদাহে পুড়ছে ১৩ জেলা, অব্যাহত থাকার আভাস

দেশের ১৩ জেলার ওপর দিয়ে তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। শনিবার (১৬ মে) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার পূর্বাভাসে এ তথ্য জানানো হয়েছে। পূর্বাভাসে বলা হয়েছে, মাদারীপুর, চাঁদপুর ও লক্ষ্মীপুর জেলাসহ খুলনা বিভাগের ওপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে। সেই সঙ্গে সারা দেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকার সম্ভাবনা রয়েছে। এদিকে, সারা দেশে বজ্রসহ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অফিস। সংস্থাটি বলছে , আগামীকাল রবিবার সকাল ৯টার মধ্যে রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায়- ঢাকা ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা অথবা ঝোড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে ময়মনসিংহ ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। আবহাওয়া অফিস আরও জানায় , দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি একই এলাকায় অবস্থান করছে। অপর একটি লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে ভুয়া ভিডিও, বিভ্রান্তিকর তথ্য ও গুজব ছড়িয়ে পড়ার ঘটনা বেড়েছে। ফ্যাক্ট ওয়াচ নিয়মিত এসব তথ্য যাচাই করে সত্য তুলে ধরছে এবং গুজব প্রতিরোধে কাজ করছে।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ এলিনা)

## জাবিতে বিচারের দাবিতে প্রক্টর কার্যালয়ে শিক্ষার্থীদের তালা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) এক ছাত্রীকে ধর্ষণচেষ্টার ঘটনার প্রতিবাদে প্রক্টরিয়াল টিমকে 'অবাঞ্ছিত, ঘোষণা করেছেন আন্দোলনরত শিক্ষার্থীরা। শিক্ষার্থীদের অভিযোগ , প্রশাসন অপরাধীকে গ্রেফতারে ব্যর্থ হওয়ার পাশাপাশি ঘটনার তথ্য গোপন, বিভ্রান্তি সৃষ্টি এবং শিক্ষার্থীদের সঙ্গে প্রতারণা করেছে। আজ শনিবার (১৬ মে) সকাল পৌনে ১০টার দিকে উপাচার্যের বাসভবনের সামনে বিক্ষোভ কর্মসূচি শেষে আয়োজিত সংবাদ সম্মেলনে শিক্ষার্থীরা ঘোষণাটি দেন। সংবাদ সম্মেলনের পর তারা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর কার্যালয়ের দুটি দরজার তালা ভেঙে নতুন তালা ঝুলিয়ে দেন। একই সঙ্গে, আগামীকাল রোববার থেকে নতুন প্রশাসনিক ভবন অবরোধের কর্মসূচিও ঘোষণা করেন। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ফজিলাতুন্নেছা হল সংসদের সাধারণ সম্পাদক ফারজানা তাবাসসুম। তিনি বলেন , ১২ মে বিশ্ববিদ্যালয়ে সংঘটিত ধর্ষণ ও হত্যাচেষ্টার ঘটনার পরদিন ১৩ মে নারী শিক্ষার্থীরা প্রশাসনের কাছে ছয়দফা দাবি উত্থাপন করেন। একইসঙ্গে, অপরাধীকে গ্রেফতারের জন্য ৪৮ ঘণ্টার আলটিমেটাম দেওয়া হয়। সেই সময়সীমা শেষ হওয়ার প্রেক্ষাপটে বৃহস্পতিবার রাত ২টা থেকে উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান কর্মসূচি শুরু করেন তারা। ফারজানা তাবাসসুম আরও বলেন, আন্দোলনকারীদের অন্যতম প্রধান দাবি ছিল, ৪৮ ঘণ্টার মধ্যে অপরাধীকে গ্রেফতার করতে ব্যর্থ হলে প্রক্টরিয়াল টিমের পদত্যাগ। কিন্তু নির্ধারিত সময় পার হলেও , অপরাধী গ্রেফতার হননি।

উল্টো প্রশাসন ধারাবাহিকভাবে শিক্ষার্থীদের বিভ্রান্ত করেছে এবং নিজেদের দায় এড়িয়ে যাওয়ার চেষ্টা করেছে বলে অভিযোগ করেন তারা। ১৩ মে উপাচার্যের সামনে উত্থাপিত দাবিগুলো তিনি উপস্থিত থেকে মেনে নেওয়ার আশ্বাস দেন এবং স্বাক্ষরের মাধ্যমে তা স্বীকারও করেন। কিন্তু পরে প্রশাসন প্রকাশ্যে সেই অবস্থান অস্বীকার করে। এটিকে তারা `প্রশাসনিক অসততা, ও শিক্ষার্থীদের সঙ্গে `বেইমানি, হিসেবে উল্লেখ করে ন। লিখিত বক্তব্যে বলা হয় , একজন উপাচার্যের দায়িত্ব শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করা , সত্য প্রকাশ করা এবং ন্যায়বিচারের পক্ষে দাঁড়ানো। কিন্তু আমরা দেখেছি, প্রশাসন বরং নিজেদের ব্যর্থতা আড়াল করতেই ব্যস্ত থেকেছে। সংবাদ সম্মেলনে আরও বলা হয় , উপাচার্যের বাসভবনের সামনে সারা রাতের অবস্থান কর্মসূচিতে কয়েকজন নারী শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েন। তবু তারা কর্মসূচি চালিয়ে যান। সকাল সাড়ে ৯টা পর্যন্ত অবস্থান করলেও , প্রশাসনের পক্ষ থেকে কোনো কার্যকর উদ্যোগ পাননি; বরং টালবাহানা, দায় এড়ানোর চেষ্টা ও অসংবেদনশীল আচরণের মুখে পড়তে হয়েছে বলে দাবি করেন তারা। ভোর পর্যন্ত প্রক্টর আন্দোলনকারীদের সামনে আসেননি। পরে উপাচার্যের বাসভবন থেকে বের হয়ে প্রক্টর আন্দোলনরত নারী শিক্ষার্থীদের `ষড়যন্ত্রকারী, বলে আখ্যা দেন। তাদের ভাষ্য , এই বক্তব্য দায়িত্বজ্ঞানহীন এবং আন্দোলনকে হেয় করার অপচেষ্টা। দাবি আদা য় না হওয়া পর্যন্ত আগামীকাল থেকে বিশ্ববিদ্যালয়ের নতুন প্রশাসনিক ভবন অবরোধ করে আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেন আন্দোলনকারীরা। এর আগে , গতকাল শুক্রবার রাত ২টার দিকে উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান নেন নারী শিক্ষার্থীরা। শিক্ষার্থীদের বেধে দেওয়া ৪৮ ঘণ্টার মধ্যে আসামি গ্রেফতার না হওয়ায় প্রক্টর ও প্রক্টরিয়াল টিমের পদত্যাগ দাবিতে আন্দোলন শুরু করেন তারা। সারা রাত অবস্থানের পর আজ সকাল পৌনে ১০টার দিকে নতুন কর্মসূচি ঘোষণা করে হলে ফিরে যান শিক্ষার্থীরা। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৫.২০২৬ এলিনা)

## লন্ডনে রাষ্ট্রপতির সঙ্গে সুদানের প্রধানমন্ত্রীর সৌজন্য সাক্ষাৎ

যুক্তরাজ্যে অবস্থানরত রাষ্ট্রপতি মো . সাহাবুদ্দিনের সঙ্গে আজ সুদানের প্রধানমন্ত্রী ড . কামিল ইদ্রিস সৌজন্য সাক্ষাৎ করেছেন। রাষ্ট্রপতির একান্ত সচিব মো . দিদারুল আলম বঙ্গভবন প্রেস উইংকে জানান , সকালে লন্ডনের হোটেল হিলটনের লবিতে অনুষ্ঠিত অনানুষ্ঠানিক এ সাক্ষাৎকালে সুদানের প্রধানমন্ত্রী রাষ্ট্রপতির শারীরিক অবস্থার খোঁজ -খবর নেন এবং তাঁর দ্রুত আরোগ্য কামনা করেন। তিনি জানান , অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত তাৎক্ষণিক এ সাক্ষাৎকালে ড. কামিল ইদ্রিস বাংলাদেশের জনগণের সার্বি ক কল্যাণ এবং রাষ্ট্রপতির সুস্বাস্থ্যের জন্য মহান আল্লাহর দরবারে দোয়া করেন। রাষ্ট্রপতি সাহাবুদ্দিনও সুদানের সঙ্গে বাংলাদেশের দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্কের কথা স্মরণ করেন এবং সুদানের জনগণের শান্তি, কল্যাণ ও সমৃদ্ধি কামনা করেন। সাক্ষাৎকালে সুদানের প্রধান মন্ত্রী বাংলাদেশের সাম্প্রতিক সংকটময় সময়ে ধৈর্য ও বিচক্ষণতার সঙ্গে নেতৃত্ব দেওয়ার জন্য রাষ্ট্রপতিকে সাধুবাদ জানান। তিনি তাঁর দেশে বাংলাদেশের শান্তিরক্ষী বাহিনীর গুরুত্বপূর্ণ অবদানের কথাও কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করেন এবং বাংলাদেশের অব্যাহত অগ্রগতি ও সমৃদ্ধি কা মনা করেন। রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন সুদানের প্রধানমন্ত্রীর আন্তরিকতা ও শুভকামনার জন্য ধন্যবাদ জানান। তিনি আশা প্রকাশ করেন, বাংলাদেশ ও সুদানের মধ্যকার বিদ্যমান দ্বিপাক্ষিক সম্পর্ক ভবিষ্যতে আরও জোরদার হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৬.০৫.২০২৬ আসাদ)

## বেরোবির সাবেক ভিসি হাসিবুর রশীদ গ্রেফতার

জুলাই আন্দোলনের প্রথম শহিদ আবু সাঈদ হত্যাকাণ্ডের ঘটনায় সাজাপ্রাপ্ত আসামি ও রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় বেরোবির সাবেক উপাচার্য ড . হাসিবুর রশীদকে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার রাজধানীর মোহাম্মদপুর থেকে তাকে গ্রেফতার করা হয়। মোহাম্মদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মেজবাহ উদ্দিন বলেন, শনিবার সন্ধ্যায় ঢাকার সলিমুল্লাহ রোডের একটি বাসা থেকে তাকে গ্রেফতার করা হয়। তার বিরুদ্ধে কতগুলো মামলা আছে , সে বিষয়ে খোঁজ নেওয়া হচ্ছে বলেও জানান ওসি। উল্লেখ্য, ২০২৪ সালের ৫ আগস্ট সরকার পতনের পর শিক্ষার্থীদের দাবির মুখে ৯ আগস্ট পদত্যাগ করেন অধ্যাপক রশীদ। অধ্যাপক হাসিবুর জুলাই আন্দোলনে নিহত আবু সাঈদ হত্যা মামলায় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের সাজাপ্রাপ্ত আসামি (রেডিও টুডে ওয়েব পেজ:১৬.০৫.২০২৬ আসাদ)

## জামায়াত নেতার বাড়িতে মিললো ৯৬ বস্তা সরকারি চাল

নোয়াখালীর সুবর্ণচর উপজেলার চরজব্বার ইউনিয়নের ইমানআলী বাজার এলাকায় ডাক্তার সামাদ নামের এক জামায়াত নেতার বাড়ি থেকে ৯৬ বস্তা সরকারি চাল উদ্ধার করেছে প্রশাসন। শনিবার বিকেল ৩টার দিকে চালগুলো উদ্ধার করা হয়। অভিযুক্ত মো . আবদুস সামাদ ওরফে ডাক্তার সামা দ ওই ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড জামায়াতের আমির বলে জানা গেছে। উদ্ধার হওয়া চালগুলো বর্তমানে ইউনিয়ন পরিষদের হেফাজতে রেখেছে উপজেলা প্রশাসন। তবে ডাক্তার সামাদের পরিবারের দাবি , চালগুলো তারা পাশের জেলা লক্ষ্মীপুরের রামগতি উপজেলার তিনটি মাদ্রাসা থেকে তারা কিনে নিয়ে ছেন। স্থানীয় সূত্রে জানা যায়, দীর্ঘদিন ধরে জামায়াত নেতা পল্লী চিকিৎসক ডাক্তার সামাদের বাড়িতে সরকারি চাল মজুত করে রাখা হয়েছিল। এসব চাল বাজারে বেশি দামে বিক্রি করা হতো। এলাকাবাসী বিষয়টি টের পেয়ে ওই বাড়িতে গিয়ে জড়ো হয় এবং একটি কক্ষে বিপু ল পরিমাণ সরকারি চালের বস্তা মজুত দেখে বিষয়টি

প্রশাসনকে জানানো হয়। এক পর্যায়ে বিকেলে প্রশাসনের লোকজন , পুলিশ ও ইউপি চেয়ারম্যান , মেম্বার গিয়ে ওই বাড়ি থেকে ৯৬ বস্তা চাল উদ্ধার করে। বিষয়টি নিশ্চিত করে সুবর্ণচর উপজেলা নির্বাহী কর্মকর্তা আকিব ওসমান বলেন, স্থানীয়দের অভিযোগের ভিত্তিতে ৯৬ বস্তা চাল উদ্ধারের পর তা ইউনিয়ন পরিষদের হেফাজতে রাখা হয়েছে। অভিযুক্ত সামাদকে পাওয়া যায়নি। তার পরিবারের দাবি , চালগুলো পাশের জেলা লক্ষ্মীপুরের রামগতির তিনটি মাদ্রাসা থেকে তারা কিনেছেন। তাদের চাল কেনার বৈধ কাগজপত্র নিয়ে আসার জন্য বলা হলেও সন্ধ্যা ৭টা পর্যন্ত আসেননি তারা। বৈধ কাগজপত্র না পেলে পরবর্তী আইনি ব্যবস্থা নেওয়া হবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৬.০৫.২০২৬ আসাদ)

## ফোরকান মোল্লার মরদেহ পদ্মা নদী থেকে উদ্ধার

গাজীপুরের কাপাসিয়ায় স্ত্রী, তিন মেয়ে ও শ্যালকসহ পাঁচজনকে গলা কেটে হত্যার ঘটনার প্রধান অভিযুক্ত ফোরকান মোল্লার মরদেহ পদ্মা নদী থেকে উদ্ধার করা হয়েছে। শনিবার দুপুরে বিষয়টি নিশ্চিত করেন লৌহজংয়ের মাওয়া নৌ পুলিশ ফাঁড়ির পরিদর্শক মো . ইলিয়াস। তিনি বলেন , পদ্মা সেতু থেকে ৪ কিলোমিটার দূরে লৌহজং উপজেলা ভূমি অফিস সংলগ্ন পদ্মায় একটি মরদেহ ভাসতে দেখে স্থানীয়রা নৌ পুলিশে খ বর দেয়। নৌ পুলিশ লাশটি উদ্ধার করে গাজীপুরের ৫ হত্যা মামলার প্রধান অভিযুক্ত ফোরকান মোল্লার পরিবারের সঙ্গে যোগাযোগ করলে তার ভাই আব্দুল জব্বার ও কাপাশিয়া থানার পুলিশ পরিদর্শক তদন্ত জুবায়ের রহমান লাশটি ফোরকানের বলে প্রাথমিকভাবে নিশ্চিত করেছে। লাশটির সুরতহাল চল ছে। পরে ময়নাতদন্তের জন্য মুন্সীগঞ্জ জেনারেল হাসপাতাল মর্গে পাঠা নো হয়। এর আগে, গত বৃহস্পতিবার বিকেল সাড়ে ৩টায় নিজ কার্যালয়ে গাজীপুরের পুলিশ সুপার মো . শরিফ উদ্দীন সম্মেলন কক্ষে সংবাদ সম্মেলনে জানান, অভিযুক্ত ফোরকান মোল্লা পদ্মা সেতু থেকে নদীতে লাফ দিয়ে আত্মহ ত্যা করে থাকতে পারেন বলে ধারণা করা হচ্ছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৬.০৫.২০২৬ আসাদ)

## আরও দুই শিশুর মৃত্যু, দুই মাসে হাম ও উপসর্গে প্রাণ গেল৪০০-এর বেশি

দেশে হামের প্রাদুর্ভাব উদ্বেগজনকভাবে বাড়ছে। গত ২৪ ঘণ্টায় সারা দেশে হামের উপসর্গ নিয়ে আরও ২ শিশুর মৃত্যু হয়েছে। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে ১৬ মে পর্যন্ত হাম ও এর উপসর্গে মোট মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ৪৫৩ জনে। শনিবার স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদনে বলা হয়েছে , সর্বশেষ ২৪ ঘণ্টায় সিলেট বিভাগে হামের উপসর্গ নিয়ে ২ শিশুর মৃত্যু হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত দুই মাসে সারা দেশে হাম ও এর উপসর্গ নিয়ে মোট ৪১ হাজার ২৮ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। এ সময়ের মধ্যে ৭ হাজার ৫২৪ জনের শরীরে হাম শনাক্ত হয়েছে। এদিকে , চিকিৎসা শেষে এ পর্যন্ত ৩৬ হাজার ৬৪৫ জন হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন বলে জানিয়েছে অধিদপ্তর। (রেডিও টুডে ওয়েব পেজ:১৬.০৫.২০২৬ আসাদ)

# BBC

## SENIOR IS LEADER KILLED IN JOINT OPERATION: US AND NIGERIA

Nigeria and the United States say they have killed a senior Islamic State (IS) leader in a joint-operation. Abu-Bilal al-Munuki was described by US President Donald Trump as the "second in command of ISIS globally" and "the most active terrorist in the world". IS has radically shifted in recent years, with around 90% of its attacks now taking place in sub-Saharan Africa. Its Nigeria-based branch is by far the most active. Nigerian President Bola Tinubu said the two countries had carried out a "daring joint operation that dealt a heavy blow" to IS. Al-Munuki was declared a Specially Designated Global Terrorist by Washington in 2023. (BBC News Web Page: 16/05/26, FARUK)

## TRUMP WARNS TAIWAN AGAINST DECLARING INDEPENDENCE, HOURS AFTER SUMMIT WITH CHINA'S XI

US President Donald Trump has cautioned Taiwan against formally declaring independence from China. "I'm not looking to have somebody go independent," the US president told Fox News on Friday,at the end of his two-day summit with his Chinese counterpart Xi Jinping in Beijing. Taiwanese President Lai Ching-te has previously stated that Taiwan does not need to declare formal independence because it already sees itself as a sovereign nation. The US has long supported Taiwan, including being bound by law to provide it with a means of self-defence, but has frequently had to square this alliance with maintaining a diplomatic relationship with China. (BBC News Web Page: 16/05/26, FARUK)

## TRUMP AND XI CONCLUDE 'VERY SUCCESSFUL' TALKS BUT FEW DEALS CONFIRMED

US President Donald Trump left Beijing after a two-day summit saying he had struck "fantastic trade deals, great for both countries", but few details have emerged on what the two superpowers agreed. Trump arrived for a high-stakes summit with Chinese leader Xi

Jinping on Wednesday, accompanied by several CEO's: a high-profile business delegation spanning agriculture, aviation, electric vehicles and artificial intelligence (AI) chips. Trade was near the top of the agenda despite recent tensions over the Iran war, and businesses hoped for key deals as well as an extension of the tariff truce that is due to expire in November. The visit was defined by warm rhetoric and symbolism. Trump was wooed with a packed itinerary that included an honour guard, a state banquet, and an invitation to the exclusive compound where China's Communist Party leaders live and work.
(BBC News Web Page: 16/05/26, FARUK)

**LEBANON SAYS SIX KILLED IN ISRAELI STRIKE AS US ANNOUNCES CEASEFIRE EXTENSION**

An Israeli air strike on a town in southern Lebanon has killed six people, including three paramedics, according to Lebanon's health ministry. It comes as the US said the two countries had agreed to a 45-day ceasefire. The health ministry said a fourth paramedic had sustained "critical injuries" after a civil defence centre was attacked in the town of Harouf. The BBC has contacted the Israeli military for comment. On Friday, the US state department announced Israel and Lebanon had agreed to extend their shaky ceasefire after two days of negotiations in Washington DC. US President Donald Trump announced the truce on 16 April, but Israel and Hezbollah have continued to exchange fire since then.
(BBC News Web Page: 16/05/26, FARUK)

**NEW OUTBREAK OF EBOLA KILLS 80 IN EASTERN DR CONGO**

Africa's top health agency has declared an Ebola outbreak in the Democratic Republic of Congo's eastern Ituri province. Around 246 cases and 80 deaths have been reported, mainly in the gold-mining towns of Mongwalu and Rwampara, said the Africa Centres for Disease Control and Prevention (Africa CDC). Ugandan officials confirmed one case of imported Ebola from DR Congo on Friday, with the country's health ministry stating that a 59-year-old male who died on Thursday had tested positive. Ebola was first discovered in 1976 in what is now DR Congo, and is thought to have spread from bats. This is the 17th outbreak of the deadly viral disease in the country. It is spread through direct contact with bodily fluids and through broken skin, causing severe bleeding and organ failure.
(BBC News Web Page: 16/05/26, FARUK)

**HAMAS CONFIRMS TOP COMMANDER KILLED IN ISRAELI AIR STRIKE**

A Hamas official has confirmed to the BBC that Izz ad-Din al-Haddad, commander of the group’s armed wing, was killed in an Israeli air strike in Gaza City on Friday. Israeli Prime Minister Benjamin Netanyahu and Defence Minister Israel Katz said in a joint statement that Haddad had been “responsible for the murder, kidnapping and injury of thousands of Israeli civilians and IDF soldiers”. Israel described him as “one of the architects of the October 7 massacre”. The strike is the latest launched by Israel on Gaza despite a ceasefire with Hamas. (BBC News Web Page: 16/05/26, FARUK)

**PALESTINIAN LEADERS HOLD RARE PARTY MEETING AS POLLS SHOW RISING DISCONTENT**

Top leaders of the main Palestinian political faction, Fatah, are electing its highest decision-making body, at its first major conference in a decade. The 90-year-old Palestinian President, Mahmoud Abbas – who rules by decree – was re-elected as head of Fatah on Wednesday. Leading figures are promising unity and a political refresh. But ordinary Palestinians complain that this meeting coming at a critical time for their nationalist cause, is showcasing the opposite. Palestinian opinion polls indicate profound dissatisfaction with Abbas, with most wanting him to resign. Addressing the conference on its opening day on Thursday, Abbas promised the first presidential and parliamentary elections in 20 years – without giving a timeline. (BBC News Web Page: 16/05/26, FARUK)

# :: THE END ::